NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী










৪ বিয়ে ভারগ্রস্ত সামাজিক দায়বদ্ধতায় আবদ্ধ হয়ে পড়ছে

আরামবাগ স্কুলের প্রধান শিক্ষক ও পরিচালন কমিটির দ্বন্দ্ব ৬



কলকাতা ২০ জুন ২০২৪ ৫ আষাঢ় ১৪৩১ বৃহস্পতিবার অষ্টাদশ বর্ষ ১১ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 20.6.2024, Vol.18, Issue No. 11 8 Pages, Price 3.00


## এক নজরে

### রেল দুর্ঘটনার তদন্ত শুরু

**নিজস্ব প্রতিবেদন :** কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের দুর্ঘটনার পর ৪৮ ঘণ্টা কেটে গিয়েছে। কী ভাবে দুর্ঘটনা ঘটল তা নিয়ে নানা তথ্য প্রকাশ্যে আসছে। কার দোষ, তা নিয়ে কাঁটাছেড়া চলছে, এই পরিস্থিতিতেই রেল এই দুর্ঘটনার তদন্ত শুরু করেছে। উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য সুরক্ষা কমিশনার জনককুমার গর্গের তত্ত্বাবধানে বুধবার থেকেই তদন্ত শুরু হয়েছে। বুধবার ডেকে পাঠানো হয় রাঙাপানির স্টেশন ম্যানেজার, মালগাড়ির ম্যানেজার (গার্ড), রাঙাপানি রেল গেটের গার্ড, কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের চালকদের। সকাল সকালই তাঁরা হাজিরা দেন। শিলিগুড়ি এনজেপি সংলগ্ন এডিআরএম অফিসে বসেন তদন্তকারী কমিটির সদস্যেরা। সেখানে একে একে হাজিরা দেন সকলে। এ দিকে, এই দুর্ঘটনার তদন্তের প্রাথমিক রিপোর্টও জমা পড়েছে রেলের সুরক্ষা কমিশনের কাছে। রেল সূত্রে খবর, সেই রিপোর্টে দুর্ঘটনার দিনে মালগাড়ি এবং কাঞ্চনজঙ্ঘার গতিবেগ সংক্রান্ত তথ্যের উল্লেখ রয়েছে। এ ছাড়াও সে সময় কর্তব্যরত কর্মীরা কে, কী দায়িত্ব পালন করছিল তা-ও রয়েছে ওই রিপোর্টে। প্রাথমিক তদন্তে যে তথ্য উঠে আসছে তাতে দেখা যাচ্ছে, সোমবার সকাল ৮টা ২০ মিনিটে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস রাঙাপানি স্টেশনে ঢোকে। ছাড়ে ৮টা ২৭ মিনিট নাগাদ। দুর্ঘটনাটি ঘটে ৮টা ৫৫ মিনিটে। আর মালগাড়িটি ৮টা ৪২ মিনিটে রাঙাপানি স্টেশন ছাড়ে। রাঙাপানি স্টেশন থেকে দুর্ঘটনাস্থলের দূরত্ব মেরেকেটে আড়াই কিলোমিটার। হিসাব করে দেখা যাচ্ছে, ওই পথ অতিক্রম করতে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস সময় নেয় প্রায় ২৮ মিনিট। অন্যদিকে, মালগাড়ির সময় লাগে ১৩ মিনিট। আরও ভাল করে বললে ১২ মিনিট ৪৮ সেকেন্ড। প্রশ্ন উঠছে , রাঙাপানি স্টেশন থেকে মাত্র দু'কিলোমিটারের মধ্যে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস কী আরও কোথাও দাঁড়িয়েছিল, না কি মালগাড়ির গতিবেগ কোশন অর্ডারের চেয়ে বেশি ছিল। উল্লেখ্য, সোমবার ভোর প্রায় সাড়ে ৫টা থেকে অকেজো ছিল রাঙাপানি এবং চটেরহাটের মধ্যেকার স্বয়ংক্রিয় সিগন্যাল ব্যবস্থা। এই পরিস্থিতিতে ওই লাইনে ট্রেন চলাচল স্বাভাবিক রাখতে কাগুজে অনুমতি দেওয়া হয় ট্রেনচালকদের। রেলের পরিভাষায় যাকে বলা হয় ‘পেপার লাইন ক্লিয়ার টিকিট’ (পিএলসিটি)। সেই নির্দেশনামায় বলা হয়, যাত্রাপথে সিগন্যাল লাল থাকলে চালক ট্রেন এগিয়ে নিয়ে যেতে পারবেন। তবে চালককে নজরে রাখতে হবে তাঁর যাত্রাপথে রেলগেট বন্ধ আছে কি না।

### বারামুলায় হত দুই জঙ্গি, জখম পুলিশকর্মী

**শ্রীনগর, ১৯ জুন:** জম্মু ও কাশ্মীরের বারামুলা জেলায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে গুলির লড়াইয়ে দুই জঙ্গির মৃত্যু হয়েছে। জঙ্গিদের গুলিতে গুরুতর জখম হয়েছেন জম্মু ও কাশ্মীর পুলিশের এক অফিসার। পুলিশ জানিয়েছে, বুধবার সেপোরের অদূরে হান্দিপোরা এলাকায় ওই সংঘর্ষের ঘটনা ঘটে। বারামুলায় জঙ্গিরা হামলা চালাতে পারে বলে সম্প্রতি আশঙ্কা প্রকাশ করেছিল পুলিশ। জানিয়েছিল, সম্ভাব্য জঙ্গিহানা ঠেকাতে বিভিন্ন এলাকায় সুরক্ষা ব্যবস্থা আরও কড়া করা হচ্ছে। চালানো হচ্ছে তল্লাশি অভিযান। তেমনই অভিযানের সময় সেপোরে জঙ্গিদের সঙ্গে পুলিশের গুলির লড়াই বাধে।

### ১০০ কোটির দুর্নীতি

**নয়াদিল্লি, ১৯ জুন:** দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের বিচারবিভাগীয় হেপাজতের মেয়াদ বাড়ল আগামী ৩ জুলাই পর্যন্ত। বুধবার কেজরির জামিন মামলায় দিল্লির রাউজ অ্যাভিনিউ কোর্ট দিল্লির মুখ্যমন্ত্রীর হেপাজতের মেয়াদ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। এদিন আদালতে ইডি দাবি করেছে, আবগারি দুর্নীতিতে কেজরির বিরুদ্ধে ১০০ কোটির দুর্নীতির প্রমাণ রয়েছে তাঁদের হাতে।

# দিল্লিতে তাপপ্রবাহের জেরে দু'দিনে মৃত পাঁচ

## হাসপাতালে লাইফ সাপোর্টে আরও ১২

**নয়াদিল্লি, ১৯ জুন:** পৃথিবী ক্রমশ উত্তপ্ত হয়ে উঠছে। প্রকৃতির খামখেয়ালিপনায় একপ্রান্ত ভাসছে, অন্য প্রান্ত পুড়ছে। দেশে প্রত্যেক বছরই তাপমাত্রার পরিমাণ বাড়ছে। রাজধানী দিল্লিতে তাপপ্রবাহ থামার কোনও লক্ষণই নেই। গরমের জেরে অসুস্থ হয়ে দু'দিনে মৃত্যু হয়েছে পাঁচ জনের। রামমনোহর লোহিয়া হাসপাতালে ভর্তি আরও ১২ জন। তাঁদের সকলকে লাইফ সাপোর্টে রাখা হয়েছে বলে হাসপাতাল সূত্রে খবর। শুধু রামমনোহর লোহিয়া হাসপাতালেই নয়, হিট স্ট্রোকে আক্রান্ত হয়ে রাজধানীর অন্য হাসপাতালগুলিতেও ভর্তির সংখ্যা বাড়ছে।

সংবাদমাধ্যমকে এক সরকারি হাসপাতালের সুপার চিকিৎসক অজয় শুক্ল জানিয়েছেন, হিট স্ট্রোকে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ২২ জন। পাঁচ জনের মৃত্যু হয়েছে। ১২-১৩ জনকে ভেন্টিলেশনে রাখা হয়েছে। শুক্ল আরও জানান, হিট স্ট্রোকে মৃত্যুর সংখ্যা বাড়ছে। ৬০-৭০ শতাংশ বেড়েছে বলেই দাবি শুক্লর। তাঁর কথায়, ‘যদি এই ধরনের কোনও রোগীকে হাসপাতালে দেরিতে আনা হয়, একের পর এক অঙ্গ বিকল হতে শুরু করবে। এই বিষয়ে সচেতনতার অভাব রয়েছে। তা ছাড়াও হিট স্ট্রোকের লক্ষণগুলো অনেক সময় ঠিক ভাবে ধরতে পারেন না অনেকে। ফলে বিপত্তি আরও বাড়ে।’

মৌসম ভবন জানিয়েছে, এখনই এই পরিস্থিতি থেকে মুক্তি পাওয়া যাবে না। উত্তর ভারতের বেশির ভাগ অংশে তাপপ্রবাহ জারি থাকবে আগামী ২৪ ঘণ্টা। তার পর পরিস্থিতি কিছুটা পরিবর্তনের সম্ভাবনা রয়েছে। গত এক মাসেরও বেশি সময় ধরে গরমে পুড়ছে দিল্লি-সহ উত্তর ভারতের একাংশ। শুধু গরমই নয়, তার সঙ্গে পাল্লা দিয়ে চলছে তাপপ্রবাহ। দিল্লি, পঞ্জাব, হরিয়ানা, উত্তরপ্রদেশের কোথাও কোথাও তাপমাত্রা ৪৫ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়ে গিয়েছে। এই পরিস্থিতিতে গরমে অসুস্থ হওয়ার সংখ্যাও বাড়ছে। হিট স্ট্রোকে আক্রান্ত হয়ে মৃত্যুও হয়েছে অনেকের।



### স্পাইসজেটের বিমানে বন্ধ এসি

**নয়াদিল্লি, ১৯ জুন:** সিটে বসে দরদর করে ঘামছেন যাত্রীরা। ঘেমে অস্থির হয়ে উঠছেন তাঁরা। কেননা এসি চলছে না। প্রবল তাপপ্রবাহের মধ্যেই এমন দৃশ্য দেখা গেল স্পাইসজেটের এক বিমানে। ভাইরাল ভিডিও ঘিরে শোরগোল। সেই ভিডিওয় দেখা যাচ্ছে নিজেদের আসনে বসে যাত্রীরা গরমে হাঁসফাঁস করছেন। দৃশ্যতই দমবন্ধ অবস্থায় অস্বস্তিতে ভুগছিলেন সকলে। কেউ ম্যাগাজিন, কেউ রুমাল নেড়ে নিজেদের হাওয়া করার চেষ্টা করছিলেন। আর সেই সঙ্গেই তাঁরা ব্যস্ত ছিলেন কপালে জমা ঘাম মুছতে। জানা গিয়েছে, কয়েকজন যাত্রী অসুস্থও হয়ে পড়েন দীর্ঘক্ষণ ওইভাবে বসে থেকে। দিল্লি থেকে দ্বারভাঙাগামী বিমানটি ছাড়ার আগে প্রায় একঘণ্টা ওই ভাবেই দাঁড়িয়েছিল। এসি ছাড়াই। এক যাত্রী জানিয়েছেন, তাপমাত্রা ছিল প্রায় ৪০ ডিগ্রি। তবুও বিমানের মধ্যে ঘণ্টাখানেক এসি চালু করা হয়নি। দিল্লি বিমানবন্দরে এই ভাবে কেন বিমান দাঁড়িয়েছিল তা নিয়ে বিতর্ক শুরু হয়েছে। দিল্লিতে চলছে তীব্র তাপপ্রবাহ। এমনকী, রাতের তাপমাত্রাও থাকছে অসহনীয়। ইতিমধ্যেই পাঁচজনের মৃত্যু হয়েছে। বারো জন লাইফ সাপোর্টে রয়েছে। সেই পরিস্থিতিতে দেখা গেল এই ছবি।

# হলং বনবাংলোর অগ্নিকাণ্ডে উঠছে দুর্ঘটনা, না অন্তর্ঘাত তত্ত্ব

## উত্তর খুঁজতে তদন্ত কমিটি গড়লেন বনমন্ত্রী





**নিজস্ব প্রতিবেদন:** জলদাপাড়ার হলং বনবাংলোতে অগ্নিকাণ্ডের ঘটনায় উদ্বিগ্ন রাজ্য সরকার। বিষয়টি খতিয়ে দেখতে বন দপ্তরের চার সদস্যের দল ঘটনাস্থলে যাচ্ছে। বনমন্ত্রী বীরবাহা হাঁসদা জানিয়েছেন, তিনি নিজেও কয়েকদিন পরে ওই এলাকায় গিয়ে পরিস্থিতি খতিয়ে দেখবেন। তিনি জানিয়েছেন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশ মতো নতুনভাবে এই পর্যটন কেন্দ্র তৈরি করা হবে। সেই বিষয়ে বুধবার বনমন্ত্রী-সহ বন দপ্তরের শীর্ষ কর্তারা এক উচ্চ পর্যায়ের বৈঠক করেন। এর পর তিনি জানান, হলং বনবাংলোয় অগ্নিকাণ্ডের ঘটনাকে কেন্দ্র করে নানাধরনের খবর ছড়ানো হচ্ছে। কিন্তু পূর্ণাঙ্গ রিপোর্ট হাতে আসার পর গোটা বিষয়টি স্পষ্ট হবে।

উল্লেখ্য, ডুয়ার্সের হলং বনবাংলোয় অগ্নিকাণ্ডের ঘটনায় তদন্ত কমিটি গড়লেন রাজ্যের বনমন্ত্রী বিরবাহা হাঁসদা। ওই কমিটিতে থাকবেন মুখ্য বনপাল, বিভাগীয় বনাধিকারিক (ডিএফও) এবং ওই বাংলো এলাকার রেঞ্জার-সহ বেশ কয়েক জন। ঐতিহ্যবাহী এই বাংলোর পুড়ে যাওয়া নিয়ে ইতিমধ্যেই রহস্য দানা বেঁধেছে বিভিন্ন মহলে। সত্যিই কি দুর্ঘটনা, না কি অন্তর্ঘাত, উঠছে সেই প্রশ্ন।

জলদাপাড়ার গভীর জঙ্গলের এই বাংলোটি দেশ-বিদেশের পর্যটকদের কাছে অত্যন্ত জনপ্রিয়। রাজ্যের মুখ্যমন্ত্রী থাকাকালীন জ্যোতি বসু বছরে অন্তত এক বার এই বনবাংলোয় যেতেন। বন দপ্তর সূত্রে খবর, বর্ষার সময় ১৫ জুন থেকে তিন মাসের জন্য বন্ধ থাকে হলং বাংলো। কাজেই মঙ্গলবার রাত সাড়ে ৯টা নাগাদ অগ্নিকাণ্ডের সময় কোনও পর্যটক সেখানে ছিলেন না। বাংলোটি সম্পূর্ণ কাঠের তৈরি হওয়ায় দ্রুত আগুন ছড়িয়ে পড়ে। কর্মীরা অগ্নিনির্বাপক যন্ত্র এনে আগুন নেভানোর চেষ্টা করেন। ফালাকাটা ও হাসিমারা থেকে দমকলও এসেছিল। কিন্তু লাভ হয়নি। পুড়ে ছাই হয়ে গিয়েছে বাংলোটি।

২০১০ সালে ডুয়ার্সেরই জয়ন্তী বাংলো আগুনে পুড়ে ছাই হয়ে গিয়েছিল। পরে সেখানে বিলাসবহুল বাংলো তৈরি হয়। হলংয়ের ঘটনায় অনেকেই অগ্নিকাণ্ডের কারণ হিসাবে শর্ট সার্কিটের কথা বলেছেন। জলদাপাড়া জাতীয় উদ্যানের ডিএফও পরভীন কাসোয়ান মঙ্গলবারই জানিয়েছিলেন, শর্ট সার্কিট থেকে আগুন লেগেছে। বন দপ্তরের একাংশের অনুমান, কোনও ভাবে এসিতে আগুন ধরে গিয়েছিল। এসিতে যে গ্যাস থাকে, তা থেকে বিস্ফোরণ হয়েছিল। তার শব্দও শোনা গিয়েছিল।

এখানেই প্রশ্ন উঠেছে, একে বর্ষা, তার পর বাংলো পর্যটকহীন। ফলে এসি বা গিজার তো চলার কথা নয়। তা হলে শর্ট সার্কিট হল কী করে? কেউ কেউ অন্তর্ঘাতের আশঙ্কাও উড়িয়ে দিচ্ছেন না। তাঁদের দাবি, যে সময় আগুন লাগার ঘটনাটি ঘটে, সেই সময় লোডশেডিং ছিল। যদি তা-ই হয়, তা হলে কী ভাবে শর্টসার্কিট হল? এ বিষয়ে উত্তরবঙ্গের মুখ্য বনপাল ভাস্কর জেভি বলেন, ‘আগুন লাগার কারণ খতিয়ে দেখা হচ্ছে।’

# ডেবরার মৃত বিজেপি কর্মীর ময়নাতদন্ত হবে স্ত্রীর উপস্থিতিতে

## নির্দেশ হাইকোর্টের বিচারপতির



**নিজস্ব প্রতিবেদন:** পশ্চিম মেদিনীপুরের ডেবরার বিজেপি কর্মীর মৃত্যু মামলায় স্ত্রীর উপস্থিতিতে ময়নাতদন্তের নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। থানা এবং জেলের সিসিটিভি ফুটেজ সংরক্ষণ করতেও বলা হয়েছে। সেই সঙ্গে গোটা ঘটনার রিপোর্ট চাওয়া হয়েছে পুলিশের কাছ থেকে। মঙ্গলবার কলকাতার এসএসকেএম হাসপাতালে মৃত্যু হয়েছে ডেবরার সঞ্জয় বেরার (৪২)। তিনি জেল হেপাজতে ছিলেন। গত ৪ জুন, লোকসভা নির্বাচনের ফলঘোষণার দিন ডেবরার ভরতপুর অঞ্চলের পুরুষোত্তম নগর গ্রামে তৃণমূল এবং বিজেপির মধ্যে সংঘর্ষ হয়েছিল। ওই ঘটনার পর দু'পক্ষের বেশ কয়েক জনকে গ্রেপ্তার করা হয়। তাঁদের মধ্যে অন্যতম ছিলেন সঞ্জয়। তাঁর পরিবারের দাবি, পুলিশ গ্রেপ্তার করে নিয়ে যাওয়ার সময়ে সঞ্জয়ের দেহে কোথাও কোনও আঘাতের চিহ্ন ছিল না। পরে সঞ্জয়কে জেল হেপাজতে পাঠানো হয়। কিছু দিনের মধ্যে পরিবার জানতে পারে, জেলে মাথা ফেটে গিয়েছে সঞ্জয়ের।

জেল থেকে মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রথমে পাঠানো হয়েছিল সঞ্জয়কে। সেখান থেকে কলকাতার প্রেসিডেন্সি জেলে নিয়ে আসা হয়। সেখান থেকে তাঁকে ভর্তি করানো হয় এসএসকেএম হাসপাতালে। সেখানেই মঙ্গলবার রাতে তাঁর মৃত্যু হয়েছে। কী ভাবে জেলে বসে মাথা ফাটল সঞ্জয়ের, প্রশ্ন তুলেছে পরিবার।

স্থানীয় সূত্রে খবর, সঞ্জয় এলাকায় বিজেপি কর্মী হিসাবে পরিচিত ছিলেন। তাঁর এই মৃত্যুর বিচার চেয়েছে বিজেপি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সমাজমাধ্যমে অভিযোগ করেছেন, বিজেপি করার কারণেই হেপাজতে থাকাকালীন পুলিশ তাঁকে মারধর করেছে। এক্স হ্যান্ডলে শুভেন্দু লেখেন, ‘মমতার পুলিশের বর্বরতায় হেপাজতে থাকাকালীন বিজেপি কর্মীর মৃত্যু।’ সিবিআই তদন্ত বা বিচার বিভাগীয় তদন্তের দাবিও জানিয়েছেন তিনি।

সঞ্জয়ের মৃত্যুর পর হাইকোর্টে মামলা করেন তাঁর স্ত্রী। কী ভাবে তিনি আঘাত পেলেন, জানতে চাওয়া হয়েছে। কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিংহের নির্দেশ, সংশ্লিষ্ট থানার এসপিকে এই ঘটনার রিপোর্ট দিতে হবে। থানা এবং জেলের সিসিটিভি ফুটেজ সংরক্ষণ করতে হবে। বিচারপতি জানান, মৃতের স্ত্রী এবং তাঁর কোনও প্রতিনিধির উপস্থিতিতে এসএসকেএমে দেহের ময়নাতদন্ত করা হবে। হাসপাতালের অভিজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে ময়নাতদন্ত হবে। গোটা প্রক্রিয়ার ভিডিয়োগ্রাফিও করা হবে। ময়নাতদন্তের পর দেহ তুলে দিতে হবে পরিবারের হাতে। বৃহস্পতিবারের মধ্যে গ্রেপ্তারির নথিও জমা দেওয়ার নির্দেশ দিয়েছে আদালত। আগামী বুধবার এই মামলার পরবর্তী শুনানি।

# নালন্দা বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী



**নালন্দা, ১৯ জুন:** বিহারে নালন্দা বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। নালন্দার উদ্বোধনী অনুষ্ঠানে গিয়ে মোদি জানান, এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ভারতের ঐতিহ্য জড়িয়ে রয়েছে। দেশের সম্মান, পরিচয়, মূল্যবোধ এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে জুড়ে আছে। শপথগ্রহণের কিছু দিনের মধ্যে এই বিশ্ববিদ্যালয়ে যেতে পেরে তিনি নিজেকে ভাগ্যবান বলে মনে করছেন বলেও জানান। নালন্দায় গিয়ে মোদি বলেন, ‘তৃতীয় বার প্রধানমন্ত্রী হিসাবে শপথ নেওয়ার ১০ দিনের মধ্যে এই বিশ্ববিদ্যালয়ে আসতে পেরেছি বলে আমি খুব খুশি। নালন্দা কোনও নাম নয়, এটা একটা পরিচায়। আগুন বইকে পুড়িয়ে ফেলতে পারে। কিন্তু জ্ঞান ধ্বংস করতে পারে না।’ নালন্দা ভারতের সৌভ্রাতৃত্বের মন্ত্র ‘বসুধৈব কুটুম্বকম’-এর আত্মা বলে মন্তব্য করেছেন মোদি। তিনি বলেন, ‘এই বিশ্ববিদ্যালয় শুধু ভারত নয়, গোটা এশিয়ার ইতিহাসের গুরুত্বপূর্ণ অঙ্গ। বিশ্বের বিভিন্ন দেশ থেকে বছরের পর বছর ধরে এখানে পড়ুয়ারা জ্ঞান অর্জন করতে এসেছেন। বর্তমানে নালন্দায় ২০টির বেশি দেশের ছাত্রছাত্রী রয়েছেন।’ নালন্দার নতুন ক্যাম্পাস উদ্বোধনের আগে বিশ্ববিদ্যালয়টির প্রাচীন ধ্বংসাবশেষ দেখতে গিয়েছিলেন মোদি। ২০১৬ সালে ওই ধ্বংসাবশেষকে ‘হেরিটেজ’ তকমা দিয়েছে রাষ্ট্রসংঘ। নতুন ক্যাম্পাসের উদ্বোধনের সময়ে মোদির সঙ্গে উপস্থিত ছিলেন দেশের বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর, বিহারের রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আরলেকর, মুখ্যমন্ত্রী নীতীশ কুমার এবং নালন্দার আচার্য অরবিন্দ পনগরিয়া। এ ছাড়াও অস্ট্রেলিয়া, বাংলাদেশ, ভুটান, ব্রুনেই, চিন, ইন্দোনেশিয়া, কম্বোডিয়া-সহ ১৭টি দেশের প্রতিনিধি অনুষ্ঠানে উপস্থিত হয়েছিলেন। ক্যাম্পাসের দু'টি ব্লক রয়েছে। উভয় ক্ষেত্রে রয়েছে ৪০টি করে শ্রেণিকক্ষ। মোট ১৯০০ ছাত্রছাত্রীর বসার বন্দোবস্ত রয়েছে এই ক্যাম্পাসে। এ ছাড়া, ৩০০টি করে আসন যুক্ত দু'টি অডিটোরিয়ামও রয়েছে। হস্টেলে থাকতে পারবেন সর্বোচ্চ সাড়ে ৫০০ জন ছাত্রছাত্রী। নতুন ক্যাম্পাস তৈরিতে ১৭০০ কোটি টাকা খরচ করেছে কেন্দ্রীয় সরকার।

# কলেজে ভর্তির অভিন্ন পোর্টাল চালু রাজ্যের




**নিজস্ব প্রতিবেদন:** কলেজে স্নাতকস্তরে ভর্তির অভিন্ন পোর্টাল চালু হল। বুধবার এই পোর্টাল আনুষ্ঠানিকভাবে চালু করেছেন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। স্বচ্ছভাবে পড়ুয়াদের কলেজে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতেই সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টাল চালু করা হয়েছে, এমনটাই জানিয়েছেন শিক্ষামন্ত্রী। এই পোর্টালের মাধ্যমে ১৬টি বিশ্ববিদ্যালয়, ৪৬১টি সরকারি এবং সরকারি সাহায্যপ্রাপ্ত কলেজ এবং উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়া যাবে। আগামী ২৪ জুন থেকে আবেদন করতে পারবেন পড়ুয়ারা। সর্বোচ্চ ২৫ টি কোর্সে একইসঙ্গে আবেদন জানানো যাবে। ৭ জুলাই আবেদন গ্রহণের শেষ দিন বলেই জানিয়েছেন শিক্ষামন্ত্রী। এছাড়াও জানা গিয়েছে, আগামী ১২ জুলাই প্রথম দফার মেধাতালিকা প্রকাশ করা হবে ও ১৮ জুলাইয়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। কলেজে স্নাতকস্তরে ক্লাস শুরু হবে আগামী ৭ অগস্ট থেকে। পোর্টালের মাধ্যমে ভারতীয় শিক্ষার্থীরা রাজ্যের সমস্ত উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের কোর্স ফি, ফি স্ট্রাকচার, মোট আসন , এলিজিবিলিটি ক্রাইটেরিয়া ইত্যাদি দেখতে পাবেন। এই ভর্তি প্রক্রিয়ায় পড়ুয়ারা সর্বোচ্চ ২৫টি কোর্সে একই সঙ্গে আবেদন জানাতে পারবেন। পড়ুয়ারা ৭,২১৭টি কোর্সের মধ্যে থেকে একাধিক বিষয় এ ক্ষেত্রে বেছে নিতে পারবেন।

# ২৬ জুন থেকেই কেন্দ্রীয় বাহিনী

**নিজস্ব প্রতিবেদন:** আসন্ন চার বিধানসভা উপনির্বাচনে আগামী ২৬ শে জুন থেকে মোতায়েন করা হবে কেন্দ্রীয় বাহিনী। এখনো পর্যন্ত নির্বাচন কমিশন জানিয়েছে এই চার বিধানসভা উপনির্বাচনে মোট ৫৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে যার মধ্যে চারটি জায়গায় দুই কোম্পানি করে মোট আট কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাখা হবে স্ট্রংরুমের জন্য। বাকি ৪৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীকে নির্বাচনের কাজে ব্যবহার করা হবে। মঙ্গলবার রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে জরুরি পর্যায়ের এক বৈঠকেই এই সিদ্ধান্ত হয়। রাজ্যের মুখ্য নির্বাচনই আধিকারিক আরিজ আফতাব জানিয়েছেন আসন্ন বিধানসভার ঔপনির্বাচনে প্রত্যেকটি বুথেই ওয়েব কাস্টিং করা হবে। উপনির্বাচন বলে কোন জায়গায় কোনও খামতি রাখতে চাইছে না নির্বাচন কমিশন। রীতিমতো কড়া হাতেই এই উপনির্বাচনকে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে চলেছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর ও নির্বাচন কমিশন।

একদিন

আমার শহর

কলকাতা ২০ জুন ২০২৪ ৫ আষাঢ় ১৪৩১ বৃহস্পতিবার

# শুভেন্দুকে রাজভবনের সামনে ধরনায় বসার অনুমতি দিল না হাইকোর্ট

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে রাজভবনের সামনে ধরনায় বসার অনুমতি দিল না কলকাতা হাইকোর্ট। বুধবার কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহার এজলাসে এই মামলার শুনানি ছিল। শুনানি চলাকালীন বিচারপতি শুভেন্দু অধিকারীকে বিকল্প কোনও জায়গা খুঁজে বার করার পরামর্শ দেন তিনি। এদিনের শুনানিতে বিচারপতি বলেন, 'বিকল্প জায়গার সন্ধান নিয়ে আসুন, ভেবে দেখছি।'





প্রসঙ্গত, ভোট পরবর্তী হিংসায় 'আক্রান্ত'দের সঙ্গে নিয়ে রাজ্যপালের সঙ্গে দেখা করতে গিয়েছিলেন শুভেন্দু অধিকারী। কিন্তু রাজভবনে পুলিশি বাধার মুখে পড়েন তিনি। এরপরই 'আক্রান্ত'দের সঙ্গে নিয়ে রাজভবনের সামনে ধরনায় বসতে চান শুভেন্দু। ১৩ জুন পুলিশের কাছে আবেদন জানানো হয়। মঙ্গলবার পুলিশ সেই আবেদন খারিজ করে বলে আদালতে দাবি করেন শুভেন্দুর আইনজীবীর। এক্ষেত্রে পুলিশের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ তোলেন শুভেন্দু। কারণ এর আগে অভিষেক বন্দ্যোপাধ্যায় রাজভবনের বাইরে ধরনায় বসেছিলেন একশো দিনের কাজের টাকা আদায়-সহ কেন্দ্রীয় বঞ্চনার প্রতিবাদে। তাতে পুলিশ অনুমতি দিয়েছিল। কিন্তু শুভেন্দুকে কেন দেওয়া হচ্ছে না, তা নিয়েই প্রশ্ন তুলে আদালতে মামলা হয়।

এদিনের শুনানিতে মামলকারীদের আইনজীবী বিল্বদল ভট্টাচার্য বলেন, 'ভোট পরবর্তী হিংসার শিকার যাঁরা, তাঁদের নিয়ে ধরনা দিতে চান।' এরই প্রেক্ষিতে বিচারপতি সিনহা শুভেন্দুকে প্রশ্ন করেন, 'ওখানেই কেন অবস্থানে বসতে হবে? শাসকদল বসেছিল বলে?' মামলাকারীদের আইনজীবী বলেন, 'আমরা মনে করি রাজ্যপাল রাজ্যের সাংবিধানিক প্রধান সেই কারণে আমরা রাজভবনের সামনে ধরনা দিতে চাই।' একইসঙ্গে আদালতে তাঁরা এও জানান, শান্তিপূর্ণ ধরনা হবে। কোনও স্টেজ পর্যন্ত করা হবে না। কিন্তু পুলিশ প্রশাসনিক কারণ দেখিয়ে আমাদের রাজভবনের সামনে ধরনা অনুমতি দেয়নি। ওয়াই চ্যানেলে বসতে বলছে।' আদালতে উল্লেখ করা হয়, ঠিক ওখানেই শাসক দল ধরনা দিয়েছে, এমনকি স্টেজ করে। তাহলে এক্ষেত্রে অনুমতি দেওয়া হবে না?

এরপরই বিচারপতি সিনহা প্রশ্ন করেন, 'এই প্রশাসনিক কারণটা কী?' এরপরই অ্যাডভোকেট জেনরাল জানান, 'মামলাকারী যে আবেদন করেছেন, সেটা কি আদৌ আবেদন বলা যায়? বিচারপতি আরও বলেন, 'একজন করতে পারল, একজন করার অনুমতি পেলো না, এটা হলে তো অসাম্যের অভিযোগ উঠবেই। আমি নেগেটিভ ইকুয়ালিটির কথা বলতে পারিনা।'

এরই রেশ ধরে বিচারপতি সিনহা এজির কাছে জানতে চান, 'রাজভবন এলাকায় নিরাপত্তার স্বার্থে ১৪৪ ধারা জারি থাকে। তাহলে ওই সময় যারা ১৪৪ ধারা ভেঙে ধরনা দিয়েছিলেন, তাঁদের বিরুদ্ধে কি আইনি ব্যবস্থা নেওয়া হয়েছে?' প্রত্যুত্তরে এজি জানান, তাঁকে ইন্সট্রাকশন নিয়ে বলতে হবে।

এরপরই বিচারপতির ফের মামলাকারীর আইনজীবীর কাছে জানতে চান, 'কেন আপনি ওখানেই ধরনা দিতে চাইছেন? এর আগে কেউ আইন ভেঙে ধরনা দিলে, আরেক জনকেও কী ১৪৪ ধারা ভেঙে ধরনা দিতে হবে? তাহলে তো পরশু অন্য কেউ একই আবদার করবে।'

# বিধানসভায় পরবর্তী মুখ্য সচেতক হতে চলেছেন শঙ্কর ঘোষ

**নিজস্ব প্রতিবেদন:** বিধানসভায় বিজেপির পরবর্তী মুখ্য সচেতক হতে চলেছে শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ। লোকসভা ভোটে জয়ী হয়ে সংসদীয় রাজনীতিতে পা রাখছেন মাদারিহাটের বিজেপি বিধায়ক মনোজ টিগ্গা। এতদিন তিনিই ছিলেন বিধানসভায় বিজেপির মুখ্য সচেতক। উল্লেখ্য, মাদারিহাটের বিজেপি বিধায়ক মনোজ টিগ্গা এবার আলিপুরদুয়ার থেকে লোকসভা ভোটে জিতেছেন। এখনও অবশ্য তিনি বিধায়ক পদে ইস্তফা দেননি। তবে তিনি বিধায়ক পদে ইস্তফা দেওয়া পর তাঁর জায়গায় কে হবেন বিধানসভায় বিজেপির মুখ্য সচেতক তা নিয়ে জল্পনা তৈরি হয়েছিল। এসবের মধ্যেই মঙ্গলবার সন্ধেয় নিউটাউনের এক হোটেলে বৈঠকে বসেছিলেন বিজেপির বিধায়করা। সূত্রের খবর, বঙ্গ বিজেপির পরিষদীয় দলের সেই বৈঠকেই সিদ্ধান্ত হয়েছে, বিধানসভায় দলের পরবর্তী মুখ্য সচেতক হচ্ছেন শঙ্কর ঘোষ।



প্রসঙ্গত, শিলিগুড়ি-সহ গোটা উত্তরবঙ্গে বিজেপির অন্যতম বড় মুখ শঙ্কর ঘোষ। উত্তরবঙ্গের মানুষজনের দাবি-দাওয়া নিয়ে অতীতে বার বার সরব হতে দেখা গেছে তাঁকে। উত্তরবঙ্গের কথা জোরালোভাবে তুলে ধরেছেন বিধানসভার অধিবেশনে। এমনকি রাজ্য রাজনীতির সমস্ত ইস্যুতে ভীষণভাবে সক্রিয় ও সরব থেকেছেন শঙ্কর ঘোষ। বিভিন্ন ইস্যুতে কাঠগড়ায় তুলেছেন রাজ্যের শাসক শিবিরকে, কড়া প্রশ্নের মুখোমুখি ফেলেছেন। সেই শঙ্কর ঘোষের দায়িত্ব আরও বাড়ানো হল পরিষদীয় রাজনীতিতে।




নিট-২০২৪ ফলপ্রকাশে কারচুপি শিক্ষাক্ষেত্রে দুর্নীতি এবং যাত্রী সুরক্ষায় রেলের ব্যর্থতার অভিযোগ তুলে দুই কেন্দ্রীয় মন্ত্রীর পদত্যাগের দাবিতে রাজভবনের উত্তর গেটে বিক্ষোভ দেখালেন দক্ষিণ কলকাতার কংগ্রেসের কার্যকর্তারা। -- নিজস্ব ছবি

# ইডি দফতরে দীর্ঘ ৫ ঘণ্টা জেরা ঋতুপর্ণাকে

**নিজস্ব প্রতিবেদন:** বিদেশে থাকার কারণে ইডির তলব এড়িয়েছিলেন। তবে বুধবার অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্তকে হাজিরা দিতে দেখা গেল সিজিও কমপ্লেক্সে ইডি দফতরে। ইডি সূত্রে খবর, এদিন দুপুর ১ টা নাগাদ সিজিও কমপ্লেক্সে ইডি দফতরে আসেন ঋতুপর্ণা সেনগুপ্ত।



এরপর প্রায় ৫ ঘণ্টা ধরে চলে জিজ্ঞাসাবাদ। প্রসঙ্গত, রেশন দুর্নীতি মামলার তদন্তে উঠে এসেছে অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্তের নাম। তাঁর এক সংস্থায় দুর্নীতির কয়েক লক্ষ টাকা ঢুকেছে বলে তথ্য সামনে এসেছে। সেই কারণেই তাঁকে ইডি দফতরে তলব করা হয়েছিল। এর আগে হাজিরা এড়িয়ে গেলেও বুধবার দুপুরেই ঠিকসময়ে পৌঁছে যান তিনি।

ইডি দফতরে প্রবেশের সময় মুখে কুলুপ এঁটে থাকলেও, এদিন ইডি অফিস থেকে বেরনোর পর সংবাদমাধ্যমের সামনে মুখ খুলতে দেখা যায় তাঁকে। কেন তলব করা হয়েছিল সে কথাও উল্লেখ করেন অভিনেত্রী। এদিন বিকেলে ইডি দফতর থেকে বেরনোর সময় তিনি জানান, তাঁর কাছে বেশ কিছু নথি চাওয়া হয়েছিল। সেই নথি তিনি আধিকারিকদের হাতে তুলে দিয়েছেন। তাঁর সহযোগিতায় ইডি খুশি বলে উল্লেখ করেছেন ঋতুপর্ণা। সঙ্গে এও বলেন, 'ওরাও সহযোগিতা করেছে, আমিও সহযোগিতা করেছি। এর থেকে বেশি এখন আর কিছু বলতে পারব না।' কোন লেনদেন নিয়ে প্রশ্ন উঠেছে, তাঁর সংস্থায় আদৌ কোনও টাকা গিয়েছিল কি না, এসব কোনও প্রশ্নের উত্তর দেননি অভিনেত্রী।

# মুখ থুবড়ে পড়ছে জোট ধর্ম, মানিকতলাতেও প্রার্থী দেওয়ার সম্ভাবনা কংগ্রেসের

**নিজস্ব প্রতিবেদন:** জোট ধর্ম না মানার দায় বামফ্রন্টের উপর চাপিয়ে শেষ পর্যন্ত বাগদা আসনে ইতিমধ্যেই প্রার্থী ঘোষণা করেছে কংগ্রেস। এবার জল্পনা শুরু হয়েছে মানিকতলা কেন্দ্র নিয়ে। বারবার শরিক দলের সঙ্গে মতানৈক্যের জের পড়ছে জোট রাজনীতিতেও। সেই কারণেই বামফ্রন্ট, বিশেষ করে সিপিএমের উপর চাপ বজায় রাখতে মানিকতলা আসনে প্রার্থী দেওয়া নিয়েও প্রদেশ কংগ্রেস ভাবছে বলে খবর। কংগ্রেস সূত্রে জানা গিয়েছে, এ ব্যাপারে ইতিমধ্যেই এআইসিসির কাছে প্রস্তাবও পাঠানো হয়েছে। সঙ্গে সম্ভাব্য দুটি নামও রয়েছে কংগ্রেস শিবিরের চর্চায়।



তবে খবর মিলছে, কংগ্রেসের সঙ্গে জোটে থেকেও ফরওয়ার্ড ব্লকের চাপে কার্যত তাদের দাবি মেনে নিতে বাধ্য হয়েছে সিপিএম। তাতে নিজেদের পুরনো আসনের দাবি থেকে সরে আসতে হচ্ছিল কংগ্রেসকে। শেষ পর্যন্ত স্থানীয় নেতৃত্বের চাপেই বাগদায় প্রার্থী দেয় প্রদেশ নেতৃত্ব। এই পরিস্থিতিতেই পালটা চাপে মানিকতলা নিয়ে আলোচনা। এআইসিসি রাজি হলে মানিকতলায় সম্ভাব্য প্রার্থী হিসাবে কংগ্রেসের উত্তর কলকাতা জেলা সভাপতি রানা রায়চৌধুরি অথবা প্রাক্তন প্রদেশ সভাপতি সোমেন মিত্রের পরিবারের কোনও সদস্যের নাম সামনে আসতে পারে বলে জানা যাচ্ছে।

# পার্ক স্ট্রিট গুলি কাণ্ডে পুলিশের জালে মূল অভিযুক্ত

**নিজস্ব প্রতিবেদন:** অবশেষে পুলিশের জালে পার্ক স্ট্রিট গুলি কাণ্ডের মূল অভিযুক্ত সোনা। জামশেদপুর থেকে মঙ্গলবার রাতে তাকে গ্রেফতার করে কলকাতা পুলিশের গুণ্ডাদমন শাখা। সূত্রে খবর, তাঁকে নিয়ে আসা হচ্ছে কলকাতায়।

প্রসঙ্গত, পার্ক স্ট্রিট গুলি কাণ্ডে প্রথম থেকেই পুলিশের নজরে মহম্মদ ফইউদ্দিন ওরফে সোনা। তদন্তকারীদের ধারণা ছিল, এই ঘটনার পর বিহারে গা ঢাকা দিয়েছে সোনা।

কারণ, বিহার দ্বারভাঙায় সোনার আসল বাড়ি। তার শ্বশুরবাড়ি বিহারের সাসারামে। ওই দুই জায়গাতেই তার সম্পত্তি রয়েছে বলে পুলিশের কাছে খবর ছিল। সোনার সন্ধানে যেমন কলকাতা ও তার আশপাশের অঞ্চলে তল্লাশি চলে। তেমনই তাকে খুঁজতে বিহারেও পুলিশের টিম পাঠানো হয়। অবশেষে গ্রেফতার করা হয় সোনাকে।

প্রসঙ্গত, তিলজলার কুখ্যাত গ্যাংস্টার রশিদ আলম ওরফে গব্বর তার শ্যালক ফইউদ্দিন ওরফে সোনাকে সঙ্গে নিয়ে নতুন গ্যাং তৈরি করে। তার আগে মধ্য কলকাতার কুখ্যাত গ্যাংস্টার রিপন স্ট্রিটের আখতার মেহমুদের দলে ছিল সোনা। পরে গব্বর ও সোনার গ্যাং মধ্য কলকাতা, পূর্ব কলকাতা ও দক্ষিণ কলকাতায় দাপিয়ে বেড়াতে শুরু করে। খুন, খুনের চেষ্টা, অপহরণ, মাদক পাচার, প্রোমোটিং ও ব্যবসায়ীদের কাছ থেকে তোলাবাজিতে গব্বর-সোনার গ্যাং সিদ্ধহস্ত। ১৯৯৭ সালে বাদশা ও ১৯৯৮ সালে সাদিক খুনের অভিযোগে সোনা গ্রেপ্তারও হয়েছিল।

তিলজলায় বান্টি খুনের ঘটনায় ২০০১ সালের ডিসেম্বরে গব্বর গ্রেফতার হয়। তার আগেই সোনা তিলজলার চুন্নু মিঞার গ্যাংয়ে যোগ দেয়।

# দলবিরোধী কাজের জন্য বরখাস্ত অভিজিৎ দাস

**নিজস্ব প্রতিবেদন:** নির্বাচন মিটতেই দলবিরোধী কাজ করার অভিযোগে বরখাস্ত করা হল বিজেপি নেতা অভিজিৎ দাসকে। ২০২৪-এর লোকসভা নির্বাচনে ডায়মন্ড হারবার কেন্দ্র থেকে তাঁকে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে বিজেপির প্রার্থী করা হয়েছিল। তবে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কাছ থেকে রেকর্ড মার্জিন ৭ লক্ষ ১০ হাজার ৯৩০ ভোটে পরাজিত হন ববি ওরফে অভিজিৎ।

নির্বাচন মেটার পরই তাঁকে রাজ্য বিজেপির শৃঙ্খলা রক্ষা কমিটির তরফে বহিষ্কার করা হয়েছে বলেই বিজেপি সূত্রে খবর। তবে এই প্রসঙ্গে অভিজিৎ দাসকে প্রশ্ন করা হলে তিনি অবশ্য গোটা বিষয়টিই অস্বীকার করেন। একইসঙ্গে তিনি জানান, 'আমি কোনও চিঠি পাইনি। এই চিঠি তো ফেকও হতে পারে, কে লিক করল?' তবে এ প্রসঙ্গে বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, 'দলীয় শৃঙ্খলা না মানার জন্য ওনাকে বরখাস্ত করা হয়েছে।'



প্রসঙ্গত, গত মঙ্গলবার ভোট পরবর্তী হিংসার তদন্ত করতে রাজ্যে এসেছে কেন্দ্রীয় দল। তাঁদের সামনেই বিজেপির একাংশের কর্মী সমর্থকরা বিক্ষোভ দেখায়। অভিযোগ, এই বিক্ষোভের সময়ে অভিজিৎ দাস থাকলেও, তিনি নিষ্ক্রিয় ছিলেন। তাই দল বিরোধী কাজের জন্য তাঁকে 'সাময়িকভাবে' বরখাস্ত করা হয়েছে তাঁকে। পাশাপাশি রাজ্যে নেতৃত্বের পক্ষ থেকে তাঁকে চিঠি দিয়ে শোকজও করা হয়েছে বলে খবর। আগামী সাত দিনের মধ্যে শোকজের উত্তর দিতে বলা হয়েছে। রাজ্যের শৃঙ্খলারক্ষা কমিটির পক্ষ থেকে তাঁকে ইতিমধ্যেই শোকজের চিঠি পাঠানো হয়েছে বলে জানা গিয়েছে।

এদিকে এই ঘটনা প্রসঙ্গে অভিজিৎ অবশ্য জানাচ্ছেন, তিনি কোনও ইন্ধন দেননি। সেদিন তিনি ছিলেনও না। সঙ্গে এও জানান, 'এই চিঠি কীভাবে সামনে এল, দলের কাছে জানতে চাইব। আমি তো রিক্সাওয়ালা ভ্যানওয়ালা নয়, যে হোয়াটসঅ্যাপে পাঠিয়ে দেবে, আমি দীর্ঘদিনের কার্যকর্তা। চিঠি পেলে যা বলার বলব।' সরাসরি না বললেও ঠারেঠোরে অভিজিতের অভিযোগ, দলেরই একাংশ চিঠি 'লিক' করেছে। তাঁদেরই বিরুদ্ধে নজর ঘোরানোর চাঞ্চল্যকর অভিযোগ করেছেন অভিজিৎ দাস।

# ব্যারাকপুরে খুদে মৃত্যুতে প্রশিক্ষকের 'গাফিলতি'

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** ব্যারাকপুর নোনা চন্দন পুকুর এথলেটিক ক্লাবের সাঁতার প্রশিক্ষণ কেন্দ্রে খুদে সাঁতারুর মৃত্যুতে এবার নয়া মোড়। মৃত ৮ বছরের প্রতীক বিশ্বাসের বাড়ি ব্যারাকপুর সুকান্ত সরণিতে। দু'বছর ধরে ওই সাঁতার প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ নিচ্ছিল প্রতীক। প্রশিক্ষকের গাফিলতিতে প্রতীকের মৃত্যুর অভিযোগ তুলে ব্যারাকপুর-বারাসাত রোড অবরোধ করে বিক্ষোভ দেখায় অভিভাবকরা। অভিযুক্ত প্রশিক্ষকের শাস্তির দাবি তোলা হয় বিক্ষোভ থেকে। টিটাগড় থানার পুলিশ পৌঁছে অভিভাবকদের বুঝিয়ে পরিস্থিতির সামাল দেয়। এবার বুধবার ছেলের মৃত্যুর কারণ হিসেবে সাঁতার প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষককেই দায়ী করলেন প্রতীকের মা লতা বিশ্বাস। তাঁর বক্তব্য, ওঁর কোনও রোগ-ব্যাধি ছিল না। কিন্তু প্রশিক্ষকদের নজরদারির অভাব ছিল। যখন প্রশিক্ষককে বলেছিলাম প্রতীক ওঠেনি। জলে একটু দেখুন। তখন প্রশিক্ষক বলেছিলেন, প্রতীক জল থেকে উঠে গেছে। প্রতীক বাড়ি চলে গেছে। লতা দেবীর দাবি, বলার সঙ্গে সঙ্গে প্রশিক্ষক জলে খুঁজলে ছেলেটা হয়তো বেঁচে যেত। ওই এথলেটিক ক্লাবের সভাপতি তথা পুরপ্রধান উত্তম দাস বলেন, 'ছেলেটি দু'বছর ধরে এখানে সাঁতার শিখছিল। এদিন নির্দিষ্ট সময়ের পর ছেলেটি উঠে যায়। তারপর সে শাওয়ারে স্নান করে ফের পুলের পাশে পুকুরে নেমেছিল। যাই হোক খুব দুঃখজনক ঘটনা। আপাতত অনির্দিষ্টকালের জন্য সাঁতার প্রশিক্ষণ কেন্দ্র বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরবর্তীকালে অভিভাবকদের ডেকে আলোচনার মাধ্যমে পরামর্শ নিয়ে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।' পুরপ্রধান আরও বলেন, 'পুলিশ ঘটনার তদন্ত করে দেখছে। আর ময়নাতদন্তের রিপোর্টেই ছেলেটির মৃত্যুর কারণ জানা যাবে।' পুরপ্রধানের আক্ষেপ, এখন যাঁরা অভিযোগ করছেন। তাঁরা আগে অভিযোগ জানালে হয়তো এই ধরনের ঘটনা ঘটতো না।



মৃত খুদে প্রতীক বিশ্বাস

# পাটুলিতে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব চরমে

**নিজস্ব প্রতিবেদন:** ফের প্রকাশ্যে শাসকদলের গোষ্ঠীদ্বন্দ্ব। ঘটনাস্থল এবার পাটুলির ১১০ নম্বর ওয়ার্ড। মারধর করে কান ফাটিয়ে দেওয়া হল তৃণমূল কাউন্সিলর স্বরাজ মণ্ডলের। মঙ্গলবার রাতে প্রকাশ্য রাস্তায় মারধরের জেরে রক্তাক্ত অবস্থায় লুটিয়ে পড়তে দেখা যায় ওই কাউন্সিলরকে। হাসপাতাল প্রাথমিক চিকিৎসার করানোর পর সোজা যান পাটুলি থানায়।



আক্রান্ত তৃণমূল কাউন্সিলর স্বরাজ মণ্ডল

প্রসঙ্গত, ভোটের দু'দিন আগেও স্বরাজ মণ্ডলকে মারধর করার অভিযোগ উঠেছিল কাউন্সিলরের বিরুদ্ধ গোষ্ঠীর বিরুদ্ধে। সেই সময় মন্ত্রী অরূপ বিশ্বাসের হস্তক্ষেপে বিষয়টি সমাধান হলেও ফের মঙ্গলবার তাঁর উপর চড়াও হওয়ার ঘটনা ঘটে। রাস্তায় ফেলে মারধর হয় স্বরাজ মণ্ডলকে। জানা গিয়েছে, পাটুলির মেলার মাঠে কাউন্সিলরের কার্যালয়। সেখানে সপ্তাহে একদিন করে এলাকার তৃণমূল বিধায়ক দেবব্রত মজুমদার বসেন। বাকি দিনগুলিতে কাউন্সিলর নিজে বসেন। এদিন ওই কার্যালয়ে স্বরাজবাবু বসতে গেলে সমস্যা দেখা দেয়। অভিযোগ, কয়েকজন হঠাৎ স্বরাজ মণ্ডলকে এসে বলেন, বিধায়কের চেয়ারে বসা চলবে না। তিনি উত্তর দেন, ওই কার্যালয় তাঁর। বিধায়ক যখন আসেন, তখন তিনি চেয়ার ছেড়ে দেন। বাকি দিনগুলিতে তিনিই বসেন। কিন্তু, তারা রীতিমতো অশ্রাব্য ভাষায় গালিগালাজ করতে থাকে বলে অভিযোগ। দু'পক্ষের মধ্যে বাকবিতণ্ডা শুরু হয়ে যায়। অভিযোগ এরইপরই কয়েকজন কাউন্সিলরের মুখে ঘুসি মারে। শরীরের একাধিক জায়গায় আঘাত করে। তখনই স্বরাজ মণ্ডলের কান ফেটে যায়। এই ঘটনায় আক্রান্ত স্বরাজবাবু জানান, 'তারকেশ্বর চক্রবর্তীর নেতৃত্বে শুভজিৎ বন্দ্যোপাধ্যায় লোকজন ডেকে আমায় মেরেছে। ওদের দাবি এটা বিধায়কের চেয়ার। আমাকে আমার কার্যালয়েই মেরেছে।'

তবে এই ঘটনায় ১১ নম্বর বরোর চেয়ারম্যান তারকেশ্বর চক্রবর্তী অভিযোগ অস্বীকার করে দাবি করেন, 'বোরো চেয়ারম্যান হিসাবে ওর কিছু বেআইনি বিল্ডিংয়ে পয়সা খাওয়া আমি আটকে দিয়েছি। বহুদিন ধরে আমার এবং মলয়দার নামে ও নানা রকম কটূক্তি করেছে।' পাল্টা স্বরাজ মণ্ডল বলেন, 'এই সকল অভিযোগ আমার বিরুদ্ধে থাকলে প্রমাণ করুক। যদিও অপরাধী হই যা শাস্তি হওয়ার হবে। আমি পেশায় শিক্ষক। আমায় রাজনীতি করে ভাতের চাল কিনতে হয় না। আমি নিজে বাজে কাজ করি না। বাজে কাজে মদত দিই না। এদিন তৃণমূলের যে দুষ্কৃতীরা আমায় মেরেছে তাঁদের নিয়ে খোঁজ নিলেই দেখা যাবে অপকর্মের সঙ্গে জড়িত।' তবে বিধায়ক দেবব্রত মজুমদার বলেন, 'এটা অনভিপ্রেত। দলীয়ভাবে বিষয়টি দেখব।'

## সম্পাদকীয়

# আইন করে রাজনৈতিক দলগুলোর ধর্ষিতাকে নিয়ে মিটিং বা মিছিলে হেনস্থা করা বন্ধ হোক

রাজ্যের শাসক ও বিরোধী দলগুলির কাছে নারীধর্ষণ এক স্পর্শকাতর বিষয়। এই অপরাধের অভিযোগ প্রয়োগে যে কোনও শত্রুকে সহজেই ঘায়েল করা যায়। কামদুনি, সন্দেশখালি এবং রাজভবনের ঘটনাগুলি তারই দৃষ্টান্ত। বাম আমলেও এ রাজ্যে সিঙ্গুরে তাপসী মালিককে ধর্ষণ ও হত্যা করে পুড়িয়ে ফেলা থেকে শুরু করে বানতলা, ধানতলা, বিরাটি প্রভৃতি বহু জায়গায় জঘন্য নারী নির্যাতন ও ধর্ষণের ঘটনা ঘটেছিল। কিন্তু ওই সব ঘটনা সন্দেশখালির মতো এত প্রচারের আলোকে আসেনি। কারণ, তখন দুর্বল ছিল রাজ্যের বিরোধী দল। গণমাধ্যম এবং সমাজমাধ্যম এত সক্রিয় ছিল না। তাই এই সব ঘটনা পুলিশ-প্রশাসন চেপে যেত। বর্তমানে বিরোধী দলগুলির সক্রিয়তা, গণমাধ্যম ও সমাজমাধ্যমে চর্চা চোখে পড়ার মতো। ধর্ষিতাকে নিয়ে সকলে মিলে ঘটনার সত্যতা জানতে যে ভাবে টানাহেঁচড়া করে, তাতে ধর্ষিতাকে শুধু অমর্যাদাই করা হয় না, তাঁর পরিবারও সঙ্কটে পড়ে। মনে পড়ে একটি বাংলা ছবির দৃশ্য, যেখানে এক পিতা একটি কাগজে লিখে রেখেছিলেন, তআমার ধর্ষিতা কন্যা ভাল আছে।দ এই ধরনের বিড়ম্বনার জন্য মূলত দায়ী রাজনৈতিক দলগুলো এবং পুলিশ। পুলিশ কি পারে না নিগৃহীতার অভিযোগকে গুরুত্ব দিয়ে অভিযুক্তকে থানায় এনে, দু'জনকে মুখোমুখি বসিয়ে তাঁদের কথার সত্যাসত্য যাচাই করতে? অনেক ক্ষেত্রেই অভিযোগ ওঠে, পুলিশ মামলা করে দোষীকে শাস্তিদানের পরিবর্তে দু'পক্ষের মধ্যে একটা রফা করে। তাই দু'জনকেই দ্রুত আদালতে পেশ করে আলাদা আলাদা ভাবে বিচারকের কাছে জবানবন্দি নিয়ে, দ্রুত আইনি পথে মামলার সুবিচারের ব্যবস্থা করা দরকার। যাতে রাজনৈতিক দলগুলি ধর্ষিতাকে নিয়ে মিটিং-মিছিলের মাধ্যমে তাঁকে হেনস্থা করতে না পারে।

## আনন্দকথা

আজ ২রা এপ্রিল, রবিবার, ১৮৮২ খ্রীঃ, ২১শে চৈত্র, ১২৮৮, শুক্লা চতুর্দশী; এখন বেলা ১/২টা হইবে। কাপ্তেন ওই পাড়াতেই থাকেন; ঠাকুরের ইচ্ছা এ-বাড়িতে বিশ্রামের পর কাপ্তেনের বাড়ি হইয়া, তাঁহাকে দর্শন করিয়া 'কমলাকুটির' নামক বাড়িতে শ্রীযুক্ত কেশব সেনকে দর্শন করিতে যাইবেন। প্রাণকৃষ্ণের বৈঠকখানায় বসিয়া আছেন; রাম, মনোমোহন, কেদার, সুরেন্দ্র, গিরীন্দ্র (সুরেন্দ্রের ভ্রাতা), রাখাল, বলরাম, মাস্টার প্রভৃতি ভক্তেরা উপস্থিত।
পাড়ার বাবুরা ও অন্যান্য নিমন্ত্রিত ব্যক্তিরাও আছেন, ঠাকুর কি বলেন — শুনিবার জন্য সকলেই উৎসুক হইয়া আছেন।
ঠাকুর বলিতেছেন, ঈশ্বর ও তাঁহার ঐশ্বর্য। এই জগৎ তাঁর ঐশ্বর্য।
''কিন্তু ঐশ্বর্য দেখেই সকলে ভুলে যায়, যাঁর ঐশ্বর্য তাঁকে খোঁজে না।

*(ক্রমশঃ)*

## জন্মদিন

### আজকের দিন



সোনাক্ষী সিনহা

*১৯৫৬ বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক মণিরত্নমের জন্মদিন।*
*১৯৮০ বিশিষ্ট তিরন্দাজী দোলা বন্দ্যোপাধ্যায়ের জন্মদিন।*
*১৯৮৭ বিশিষ্ট চলচ্চিত্রাভিনেত্রী সোনাক্ষী সিনহার জন্মদিন।*

# দুর্নীতির শিকড় ধরতে ইডি, সিবিআই

**প্রদীপ মারিক**

বর্তমান দিনে দুর্নীতি এতটাই লাগাম ছাড়া হয়ে উঠেছে এবং শাখা প্রশাখা বিস্তার করেছে তা সমাজকে কলুষিত করেছে। আমাদের এই গর্বের বাংলা বিভিন্ন দুর্নীতিতে কলুষিত। দুর্নীতি যেমন একজনের দ্বারা হয় না, আবার এক জনকে দোষারোপ করাও যায় না। দীর্ঘ বছর আগে যদি কোন দুর্নীতি ধরা পরে তাহলেই প্রথমেই প্রশ্ন আসে এত দিন দেখা হলো না কেন? এতদিন দেখেও কেন সবাই চুপ করে গেল? কেন এত বছর পর প্রকাশ্যে এলো! কেন এক জন দু জনের ওপর দোষ চাপিয়ে মুক্তি পেতে চাইছে! সকলে কি চাকরি বাঁচাতে চাইছে? না কি ধরি মাছ না ছুঁই পানি বলে নিজেদের মুক্তি পেতে চাইছে। কিন্তু সেটা তো হবে না। দোষারোপ বা এফ আই আর যে কেউ যে কোন ব্যক্তির নামে করতে পারে কিন্তু সঠিক অনুধাবন তো করতে হবে সেই ব্যক্তিই কি দুর্নীতিগ্রস্থ ? যদি কোন কারণে প্রমাণিত হয় তিনি দোষ করেন নি, তাহলে কিন্তু যে ব্যাক্তি দোষারোপ করেছেন এবং চটজলদি নিজেদের বাঁচাতে বা আনুষঙ্গিক কাউকে বাঁচাতে একজনের ওপর দোষ চাপিয়েছেন আইনের ধারায় তারা কিন্তু বাঁচতে পারবে না। অনুসন্ধানের শিকড় ধরতে হবে। আসল রাঘব বোয়াল বেঁচে যাবে, আর দোষ পড়বে চুনো পুঁটির ওপর তা তো হতে পারে না। এর জন্য প্রয়োজন ইডি'র। ইডি অর্থাৎ এনফোর্সমেন্ট ডাইরেক্টরেট এর উৎপত্তি ১ লা মে ১৯৫৬ সালে। ১৯৫৬ সালে তৈরি হওয়ার পর থেকে দেশের আইনব্যবস্থার সঙ্গে তাল মিলিয়ে বদলেছে সংস্থাটির গতিপ্রকৃতিও। ১৯৬০ সালে ইডির নিয়ন্ত্রণ চলে যায় অর্থ মন্ত্রক থেকে রেভিনিউ ডিপার্টমেন্টের হাতে। এর পরে ২০০০ সালে ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট কার্যকর হলে আরও অনেকখানি দায়িত্ব বেড়ে যায় ইডি সংস্থার। ১৯৫৭ সালে ইউনিটটির নাম পরিবর্তন করা হয়, এনফোর্সমেন্ট ডিরেক্টরেট হিসাবে। ডিরেক্টরেট অফ এনফোর্সমেন্ট বা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি), হল একটি দেশীয় আইন প্রয়োগকারী সংস্থা এবং অর্থনৈতিক গোয়েন্দা সংস্থা যা ভারতে অর্থনৈতিক আইন প্রয়োগ এবং অর্থনৈতিক অপরাধের বিরুদ্ধে লড়াই করার জন্য বিশ্বস্ত ভারতীয় গোয়েন্দা সংস্থা। ইডি ভারত সরকারের অর্থ মন্ত্রণালয়ের রাজস্ব বিভাগের অংশ। এনফোর্সমেন্ট ডিরেক্টরেট মানি লন্ডারিং, বৈদেশিক মুদ্রা লঙ্ঘন, দুর্নীতি এবং অর্থনৈতিক অপরাধ সংক্রান্ত মামলার তদন্ত ও বিচারের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এর প্রাথমিক উদ্দেশ্য হল কালো টাকার উৎপাদন ও প্রচলন রোধ করা এবং বৈদেশিক মুদ্রা সংক্রান্ত আইনের সাথে সম্মতি নিশ্চিত করা এবং মানি লন্ডারিং প্রতিরোধ করা। এনফোর্সমেন্ট অধিদপ্তর নয়াদিল্লিতে, পরিচালকের নেতৃত্বে রয়েছেন ভারত সরকারের অতিরিক্ত সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা। পরিচালককে বিশেষ পরিচালক, অতিরিক্ত পরিচালক, যুগ্ম পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক এবং এনফোর্সমেন্ট অফিসাররা সহায়তা করেন। বিশেষ পরিচালকদের নেতৃত্বে মুম্বাই, চেন্নাই, চণ্ডীগড়, কলকাতা এবং দিল্লিতে পাঁচটি আঞ্চলিক অফিস রয়েছে। অধিদপ্তরের জোনাল অফিসগুলি পুনে, বেঙ্গালুরু, চণ্ডীগড়, চেন্নাই, কোচি, দিল্লি, পানাজি, গুয়াহাটি, হায়দ্রাবাদ, জয়পুর, জলন্ধর, কলকাতা, লখনউ, মুম্বাই, পাটনা এবং শ্রীনগরে রয়েছে। এই গুলোর নেতৃত্ব দেন একজন যুগ্ম পরিচালক। ডিরেক্টরেটের ম্যাঙ্গালুরু, ভুবনেশ্বর, কোঝিকোড়, ইন্দোর, মাদুরাই, নাগপুর, এলাহাবাদ, রায়পুর, দেরাদুন, রাঁচি, সুরাট, সিমলা, বিশাখাপত্তনম এবং জম্মুতে সাব-জোনাল অফিস রয়েছে। যার নেতৃত্বে একজন ডেপুটি ডিরেক্টর। আপাতত ইডি যে চারটি আইনে কাজ করে সেগুলি হল, 'দ্য প্রিভেনশন অব মানি লনডারিং অ্যাক্ট, ২০০২', 'দ্য ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট, ১৯৯৯', 'দ্য ফিউজিটিভ ইকোনমিক অফেন্ডারস অ্যাক্ট, ২০১৮', এবং 'কনজারভেশন অব ফরেন এক্সচেঞ্জ অ্যান্ড প্রিভেনশন অব স্মাগলিং অ্যাকটিভিটিস অ্যাক্ট, ১৯৭৪'। প্রিভেনশন অফ মানি লন্ডারিং অ্যাক্ট (PMLA) যতগুলো বিচার সম্পন্ন করা হয়েছে তার মধ্যে ৯৪ শতাংশ দোষী সাব্যস্ত হয়েছে, এটাই ইডির ন্যায় বিচার। কে দোষী তার বিচার হবে, কেউ যদি ভাবে একজনকে ফাঁসিয়ে বেঁচে যাবে সেটা আর হবে না। এক জন, দুই জন, তিনজন তো জেল খেটে নিয়ে যা বদনাম নেওয়ার নিয়ে নিয়েছে, কিন্তু আর সব রাঘব বোয়ালরা বাঁচবে তো ? ২১ শে আগস্ট ২০২৩ সালে একটি গুরুত্বপূর্ণ রায়ে, ভারতের সুপ্রিম কোর্ট স্পষ্ট করেছে যে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) আধিকারিকরা পুলিশ অফিসারদের সমতুল্য নয় এবং তাই, মানি লন্ডারিং প্রতিরোধ আইনের (পিএমএলএ) অধীনে গ্রেপ্তার করা যাবে না। ছত্তিশগড়ের ভি সেন্থিল বালাজি এবং মদ সিন্ডিকেট রাকেটের উপস্থাপিত মামলার প্রতিক্রিয়ায় শীর্ষ আদালতের এই সিদ্ধান্ত এসেছে । আইনের শাসন মেনে চলার গুরুত্বের উপর জোর দিয়ে সুপ্রিম কোর্ট বলেছে যে ইডি 'নিজের জন্য একটি আইন' হিসাবে কাজ করতে পারে না। এই যুগান্তকারী রায়টি ইডি-তে অর্পিত ক্ষমতা এবং কর্তৃত্বের সীমারেখাকে আন্ডারস্কোর করে, এটির কার্যক্রমে চেক এবং ভারসাম্য নিশ্চিত করে। ইডি-র হেফাজতে সাধারণ মানুষ হোন বা উচ্চপর্যায়ের কোনও কর্তাব্যক্তি সকলেই সমান। সমাজস্ব কোনও লকআপ বা জেল নেই, নেই ভিআইপি অভিযুক্তদের জন্য বিশেষ কোনও সেলের ব্যবস্থাও। বিশেষ ক্ষমতাবলেই একের পর এক বেআইনি অর্থসংক্রান্ত মামলায় দেশজুড়ে তদন্ত চালিয়ে যাচ্ছে ইডি। এদের তদন্তে একের পর এক নাম জড়িয়েছে বিভিন্ন হেভিওয়েট নেতা-মন্ত্রীর। কিন্তু কখনওই তাতে তদন্ত প্রভাবিত হওয়ার কথা শোনা যায়নি। সব মিলিয়ে, কেন্দ্রীয় এই সংস্থাটিকে ভয় পান না, এমন কেউ বোধহয় এ দেশে নেই। প্রিভেনশন অব মানি লনডারিং অ্যাক্ট অনুসারে, যে কোনও বেআইনি অর্থনেতিক লেনদেন ভারতীয় সংবিধান অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ, এবং সেক্ষেত্রে অভিযুক্তর সম্পত্তি আটক করার ক্ষমতা রয়েছে ইডির হাতে। সম্প্রতি ইডির ক্ষমতা নিয়ে মামলা দায়ের হলে, ইডি-র ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রেই সিলমোহর দিয়েছে সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতের তরফে বলা হয়েছে, যে কোনও অর্থ-সংক্রান্ত মামলায় গ্রেফতার, তল্লাশি এবং সম্পত্তি বাজেয়াপ্ত করার অবাধ অনুমতি রয়েছে ইডির। ইডির দায়ের করা অভিযোগপত্রের কপিও অভিযুক্তের হাতে দিতে বাধ্য নয় তদন্তকারী সংস্থা। তবে ইচ্ছেমতো যে কাউকে গ্রেফতার করা যাবে না, সে-নির্দেশও দিয়েছে শীর্ষ আদালত। সব মিলিয়ে ইডি-র হাত আরও শক্ত হয়েছে সম্প্রতি সুপ্রিম কোর্টের রায়ে। ইডি দ্বারা উদ্ধার নগদ কি হবে? তদন্ত সংস্থা অর্থ বাজেয়াপ্ত করার জন্য অনুমোদিত, কিন্তু উদ্ধারকৃত নগদ রাখতে পারে না। প্রোটোকল অনুসারে, যখন সংস্থা নগদ উদ্ধার করে, অভিযুক্তকে তহবিলের উৎস অনুসন্ধানের সুযোগ দেওয়া হয়। বিচারপতি ত্রিবেদী বলেন, PMLA এ ইডির যে কোনও ব্যক্তিকে তলব করার ক্ষমতা দিয়েছে যার উপস্থিতি আইনের অধীনে 'যেকোনো তদন্ত বা প্রক্রিয়া' চলাকালীন প্রমাণ দেওয়ার বা রেকর্ড তৈরি করার জন্য প্রয়োজনীয় বলে বিবেচিত হয়েছিল। ইডির সমন উপেক্ষা করা গুরুতর পরিণতি হতে পারে। PMLA এর ১৯ ধারার অধীনে ED-এর কাছে এমন ব্যক্তিদের গ্রেপ্তার করার ক্ষমতা রয়েছে যারা সহযোগিতা করে না বা তাদের সমন মেনে চলে না। যদি সমন পাওয়ার পর কেউ ইডি-র সামনে হাজির না হন, তাহলে ইডি তাদের বিরুদ্ধে জামিন অযোগ্য গ্রেপ্তারি পরোয়ানা জারি করতে পারে এবং অ-সম্মতির জন্য সম্ভাব্য বিচারের মুখোমুখি হতে হয়। কেন্দ্রীয় আর এক তদন্ত কারী সংস্থা সি বি আই অর্থাৎ সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন। এই তদন্তকারী সংস্থার উৎস খুঁজে বের করে স্পেশাল পুলিশ এস্টাব্লিশমেন্ট (এসপিই), একটি কেন্দ্রীয় সরকারী পুলিশ বাহিনী, যেটি ১৯৪১ সালে ভারত সরকার ভারতের যুদ্ধ ও সরবরাহ বিভাগের সাথে লেনদেনে ঘুষ ও দুর্নীতির তদন্ত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। ডিএসপিই ১ লা এপ্রিল ১৯৬৩ সালে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একটি রেজোলিউশনের মাধ্যমে তার জনপ্রিয় বর্তমান নাম, সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন অর্জন করে। অপরাধ এবং দুর্নীতি বেড়ে যাওয়ার ফলে ১৯৮৭ সালে সিবিআইকে কয়েকটি ভাগে বিভক্ত করা হয়। দুর্নীতি দমন বিভাগ, বিশেষ অপরাধ বিভাগ, অর্থনৈতিক অপরাধ বিভাগ, নীতি ও আন্তর্জাতিক পুলিশ সহযোগিতা বিভাগ, প্রশাসন বিভাগ, প্রসিকিউশন বিভাগ এবং কেন্দ্রীয় ফরেনসিক সায়েন্স ডিরেক্টরেট এবং ল্যাবরেটরি বিভাগ। সাধারণত, সিবিআইকে অর্পিত মামলাগুলি সংবেদনশীল এবং জাতীয় গুরুত্বপূর্ণ। সিবিআই বিশেষ গুরুত্বপূর্ণ কিছু মামলা অন্তর্ভুক্ত করে, যেমন বোফোর্স মামলায় ইতালীয় ব্যবসায়ী ওটাভিও কোয়াত্রোচির ব্যাঙ্ক অ্যাকাউন্টগুলি বন্ধ করে দেয়। হাওয়ালা কেলেঙ্কারি ১৯৯১ সালে কাশ্মীরে জঙ্গিদের গ্রেপ্তারের ফলে হাওয়ালা দালালদের উপর একটি অভিযান চালানো হয়, যা জাতীয় রাজনীতিবিদদের বড় আকারের অর্থ প্রদানের প্রমাণ প্রকাশ করে। প্রিয়দর্শিনী মাট্টু হত্যা মামলার তদন্তের ভার নেয় সি বি আই। অভয়া হত্যা মামলা, এই মামলাটি ২৭শে মার্চ ১৯৯২ সালে কেরালার কোট্টায়ামের সেন্ট পিয়াস এক্স কনভেন্ট হোস্টেলে একটি জলের কূপে পাওয়া এক সন্ন্যাসিনীর মৃত্যুকে উদ্বেগ করে। সোহরাবুদ্দিন মামলা , সন্ত সিং চাটওয়াল মামলা তদন্ত করে কেন্দ্রীয় এজেন্সি। ১৯৮৪ সালে ভোপাল গ্যাস ট্র্যাজেডি, ২০০৮ সালে নয়ডা ডবল মার্ডার কেস সিবিআই তদন্ত করেছিল। বর্তমানে এই বঙ্গে কয়লা পাচার, গরু পাচার, নিয়োগ দুর্নীতির, রেশন দুর্নীতির মামলা তদন্ত করছে সিবিআই। ইডি-এনফোর্সমেন্ট ডিরেক্টরেট আর সিবি আই -সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন এর যুগলবন্দি দুর্নীতি দমনে বড় পদক্ষেপ নিয়েছে। সরকারী সেক্টরের উদ্যোগে অর্থনৈতিক অপরাধ এবং সরকারি তহবিলের আত্মসাতের তদন্তে কাজ করে সঠিক অনুধাবন করবে। যারা ভাবছে ঝড়ের মত রাজনীতিক কর্মী সংগঠন পাল্টে নিজেদেরকে মুক্ত করবে তারাও পার পাবে না। দীর্ঘ দিন ধরে চলা দুর্নীতিতে কত জন মাথার মাল মাথা খেয়েছে, কত জন লেজার মাল লেজা খেয়েছে সব কিছুই সামনে আসবে শুধু সময়ের অপেক্ষা। চোর একজনকে বানিয়ে পার পেয়ে যাবে ভাবছে অন্য চোরেরা। সব সামনে আনবে ইডি-সিবিআই। যারা জেল খেটে এসেছে বা খাটছে তারা এখন মিচকে হাসছে আর বুঝতে পারছে বড় চোরেরা আসবে এবার সকলের সামনে।

# বিয়ে ভারগ্রস্ত সামাজিক দায়বদ্ধতায় আবদ্ধ হয়ে পড়ছে

**শুভজিৎ বসাক**



মানুষ একটা সময়ে জীবনের পূর্ণতা পেতে নিজের পছন্দের বা দেখাশুনা করে একজন মনের মানুষের সাথে বৈবাহিক সম্পর্কে আবদ্ধ হয়। জীবনে নিজস্ব একজন মানুষের থাকা ভীষণ প্রয়োজন যার কাছে নিজেকে মুক্ত করা যাবে। সময় যত যাচ্ছে বিভিন্ন সমীক্ষায় এই বৈবাহিক সমীকরণটা এক জটিল পর্যায়ে এসে উপনীত হচ্ছে। যে সম্পর্ক নিজের দুনিয়া গড়ার স্বপ্ন দেখায় সেটাই একটা পর্যায়ে এসে নাভিশ্বাস তুলে দেয়। সম্প্রতি এক্সট্রা-ম্যারিটাল ডেটিং অ্যাপ 'গ্লিডেন'-এর পর্যবেক্ষণ অনুযায়ী, ৬০ শতাংশেরও বেশি ভারতীয় বিবাহবহির্ভূত সম্পর্কে রয়েছেন এবং সেটাকে সমর্থনও করছেন। ২৫ থেকে ৫০ বছর বয়সি ১৫০৩ জন ভারতীয়ের উপর এই সমীক্ষা চালানো হয়েছিল। তাতে দেখা যাচ্ছে, ৪৬ শতাংশ ভারতীয় তাঁদের দাম্পত্যের বাইরে একটা জায়গা খুঁজতে বিবাহবহির্ভূত সম্পর্কে জড়াচ্ছেন, তার মধ্যে ৫২ শতাংশই কলকাতার! সমাজতত্ত্ববিদদের মতে, আগেও সমাজে বিবাহবহির্ভূত সম্পর্ক ছিল, কিন্তু এত বেশি প্রকাশ্যে ছিল না। এখন মানুষের মধ্যে অপরাধবোধ, নৈতিকতা কমে যাওয়ায় বিবাহিত সঙ্গী বাদেও অন্যজনের সঙ্গে সম্পর্ক গড়ে নিতে মানুষ দ্বিধা করছে না ফলে এক্সট্রা-ম্যারিটাল রিলেশনশিপ বাড়ছে।

মনোবিদদের মতে, বর্তমানে অধিকাংশ ক্ষেত্রেই স্বামী-স্ত্রী দু'জনেই কর্মরত। সেক্ষেত্রে বিশেষ করে মহিলাদের বাইরের কাজের পাশাপাশি ঘরও সামলাতে হয়। তাতে তাদের মানসিক অবসাদ আরও বাড়ছে। এদিকে, পুরুষতান্ত্রিক সমাজে স্ত্রীর থেকে বাড়ির নিখুঁত কাজও প্রত্যাশা করেন অধিকাংশ স্বামী, আর সেখানেই সমস্যা। দাম্পত্য হয়ে উঠছে ক্রমাগত অভিযোগের বোঝা, ফলে অন্য কারও কাছে প্রাণের আরাম খুঁজে নিচ্ছেন অনেকে এমনটাই মনে করেন। এছাড়াও তাঁদের মতে, মানুষ বাস্তবে দ্মদ্রাঙ্খদ্বদ্রন্ড্রদ্রন্ড্অর্থাৎ প্রতিটি মানুষই বহুবার অন্য মানুষের প্রতি আকৃষ্ট হই। তা সত্ত্বেও' বিবাহ' নামক ইনস্টিটিউশন টিকে আছে কিন্তু ভিতরে ভিতরে তার বৈশিষ্ট্য সর্বস্ব ম্লান হয়েছে অর্থাৎ অনেক ক্ষেত্রেই দম্পতিদের মধ্যে বিবাহ মধ্যবর্তী জীবনের নানা সমস্যা দেখা যায়। সেইসময়ে মানুষ নিজের যৌবনের শেষ দৌড় দেওয়ার তাগিদ অনুভব করেন- খানিকটা কৈশোরের মতো। ফলে অন্যের প্রতি আকর্ষণ বাড়ে। এদিকে, ততদিনে দাম্পত্যে একঘেঁয়েমি, অতৃপ্তিগুলো প্রকট হয়ে ওঠে। সেই তাগিদ থেকে কোনও পুরুষের সঙ্গে কোনও মহিলা যখন বিবাহবহির্ভূত সম্পর্কে জড়াচ্ছে, সেই পুরুষটিই হয়তো নিজের সংসারে একই রকম খুঁতখুঁতে। কিন্তু দাম্পত্যের বাইরের এই সম্পর্কে তারা দু'জনেই প্রেমী হয়ে ওঠে, ফলে অভিযোগের বদলে ভালোবাসা ভালোলাগা হিসাবে উঠে আসছে দু'জনের মধ্যে। আসলে বিয়ের পর অধিকাংশ ক্ষেত্রেই দু'জন দু'জনের অভ্যাসে পরিণত হয়ে যায়, তখন প্রেম ফিঁকে হয়ে পড়ে। আগে বিবাহবহির্ভূত সম্পর্ক মানেই ধরে নেওয়া হত যে দাম্পত্যের বাইরে অন্য কারও সঙ্গে যৌন সম্পর্ক কিন্তু ডিজিটাল যুগে বদলেছে সেই চিন্তাধারাও। এখন লুকিয়ে অনলাইন ফ্লার্টিং ইন-থিং। 'গ্লিডেন'-এর রিপোর্ট বলছে, ৩৬ শতাংশ মহিলা এবং ৩৫ শতাংশ পুরুষ ভার্চুয়াল ফ্লার্টিংয়ে আসক্ত। ৩০-৩৫ শতাংশ আবার নিজের সঙ্গী বাদে অন্য কারও সঙ্গে ঘনিষ্ঠতা সম্পর্কে স্বাচ্ছন্দ্য বোধ করে। সমীক্ষার এই পরিসরগুলোই বুঝিয়ে দিচ্ছে, সময়ের সঙ্গে সঙ্গে দাম্পত্যে সত্যনিষ্ঠ থাকার প্রবণতা কমছে আর একইসাথে প্রকাশ্য হচ্ছে যে নিজে ভালো থাকার জন্য মানুষ ভালোবাসা, সত্যনিষ্ঠ থাকার অর্থটাকে নিজস্ব ঢঙে বদলে নিচ্ছে। কথাটা হল, তাহলে বিয়ে কি একটি ভারগ্রস্ত সামাজিক দায়বদ্ধ প্রথায় আবদ্ধ হয়ে পড়ছে, ভালো থাকার ঠিকানা কি আর সেটা নয়? সমীক্ষা ও নানা বিশেষজ্ঞদের মতে সেই ধারণাকেই জোরালো করছে।

## লেখা পাঠান

**সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই Unicode-এ টাইপ করে পাঠাতে হবে।**

email : dailyekdin1@gmail.com

# বিরোধীদের প্রতি প্রতিহিংসা নয়, আঘাতের প্রতিরোধ, কড়া বার্তা

## তৃণমূল সাংসদ অরূপ চক্রবর্তীর



**নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া:** নির্বাচন পরবর্তী হিংসা রুখতে এবার দলের কর্মীদের প্রতি কড়া বার্তা দিল তৃণমূল। বিরোধীদের প্রতি কোনও প্রতিহিংসা নয়, বন্ধ করা যাবে না বিদ্যুৎ ও পানীয় জল পরিষেবাও। বাঁকুড়ার ইন্দপুরে একটি পথসভা থেকে দলের কর্মীদের এমনই কড়া বার্তা দিলেন বাঁকুড়ার নব নির্বাচিত তৃণমূল সাংসদ অরূপ চক্রবর্তী। বিষয়টিকে তৃণমূলের দু'মুখো নীতি বলে কটাক্ষ করেছে বিজেপি।

নির্বাচন পরবর্তী সময়ে শুধু বাঁকুড়া জেলা নয়, সারা রাজেই অল্পবিস্তর নির্বাচন পরবর্তী হিংসার ঘটনা ঘটেছে বলে দাবি। বিরোধীরা যে সমস্ত এলাকায় বেশি ভোট পেয়েছে, সেই সমস্ত এলাকায় বিদ্যুৎ ও পানীয় জল পরিষেবা বন্ধেরও অভিযোগ উঠেছে বিভিন্ন জায়গায়। নির্বাচন পরবর্তী হিংসার পরিস্থিতি খতিয়ে দেখতে বিরোধী বিজেপি প্রতিনিধি দল পাঠিয়েছে এ রাজ্যে। সেই প্রতিনিধি দলের পরিদর্শনের মাঝেই এবার নির্বাচন পরবর্তী হিংসা বন্ধে কড়া অবস্থান নিল তৃণমূল।

মঙ্গলবার বাঁকুড়ার ইন্দপুরে ভোটদাতাদের অভিনন্দন জানানোর কর্মসূচিতে হাজির হয়ে বাঁকুড়ার নবনির্বাচিত তৃণমূল সাংসদ তথা তৃণমূলের বাঁকুড়া সাংগঠনিক জেলা সভাপতি অরূপ চক্রবর্তী দলের কর্মীদের হিংসা বন্ধের কড়া নির্দেশ দেন। অরূপ চক্রবর্তী বলেন, 'মানুষ বিরোধীদের পরাজিত করেছে। তারা মারা গিয়েছে। তাদের ওপর কোনও ভাবেই অত্যাচার করা চলবে না। তাদের বিদ্যুৎ ও পানীয় জল পরিষেবা বন্ধ করা চলবে না। তৃণমূল প্রতিহিংসার রাজনীতি করে না।' একই সঙ্গে বিরোধীদের প্রতি তাঁর হুঁশিয়ারি, 'কেউ আমাদের কর্মীদের ওপর আঘাত হানার চেষ্টা করলে, প্রতিরোধ ও প্রতিবাদ হবে। হামলাকারীদের রেয়াত করা হবে না।'

পরে নিজের বক্তব্যের সমর্থনে অরূপ চক্রবর্তী বলেন, 'বিরোধীদের প্রতি মানুষ আস্থা হারিয়েছে। অনেকেই এখন অনুশোচনা করছেন। আমাদের দলের কর্মীদের অনেকের ক্ষোভ রয়েছে। কিন্তু আমরা বলেছি কোনও রকম প্রতিহিংসা চলবে না। বাঁকুড়াতেও কোথাও কোথাও পানীয় জল সরবরাহ বন্ধ করে দেওয়া হয়েছিল। আমি বলেছি এই ধরনের কাজ চলবে না। তবে কেউ অন্যায় ভাবে আমাদের আঘাত হানলে পুলিশ প্রশাসনের মাধ্যমে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ করা হবে।'

তৃণমূল সাংসদের এই বক্তব্যকে দু'মুখো নীতি বলে কটাক্ষ করেছে। বাঁকুড়ার প্রাক্তন সাংসদ তথা প্রাক্তন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুভাষ সরকারের দাবি, তৃণমূল চোরকে চুরি করতে বলে গৃহস্থকে সতর্ক থাকতে বলে। এক্ষেত্রেও তাই হয়েছে। তবে তৃণমূলের শুভবুদ্ধির উদয় হয়ে থাকলে তা ভালো।

# আরামবাগে স্কুলের প্রধান শিক্ষক ও পরিচালনা কমিটির দ্বন্দ্ব, শিকেয় পঠন পাঠন



**নিজস্ব প্রতিবেদন, আরামবাগ:** স্কুলের প্রধান শিক্ষক ও পরিচালনা কমিটির সভাপতি সহ সদস্যদের দ্বন্দ্বের কারণে স্কুলের প্রাতিষ্ঠানিক কাজ সহ শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ার অভিযোগ উঠেছে। ঘটনা আরামবাগ ব্লকের সালেপুর সন্তোষ সাধারণ বিদ্যাপীঠের। পাশাপাশি এই স্কুলের প্রধান শিক্ষকের সঙ্গে কিছু শিক্ষকের দ্বন্দ্বের কারণেও স্কুলের পঠন-পাঠন গত দুই বছর ধরে কার্যত শিকেয় উঠেছে বলে অভিযোগ। স্কুলে পরিকাঠামো উন্নয়ন ও মিড ডে মিলের কার্যক্রম সহ একাধিক বিষয় নিয়ে মিটিং চলাকালীন পরিচালন সমিতি ও প্রধান শিক্ষকের মধ্যে বচসা থেকে রণক্ষেত্রে রূপ নেয় স্কুল প্রাঙ্গণ। পরিস্থিতি সামলাতে ঘটনাস্থলে যেতে হয় আরামবাগ থানার পুলিশকে। পরস্পর পরস্পরের বিরুদ্ধে একাধিক অভিযোগ তোলে। জানা গেছে, ওই স্কুলের প্রধান শিক্ষক তপন লাগার বিরুদ্ধে একাধিক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তোলে পরিচালন সমিতি। এই নিয়ে তারা শিক্ষা দপ্তরের বিভিন্ন জায়গায় অভিযোগ জমা দেন। সেই অভিযোগ খতিয়ে দেখে শিক্ষা দপ্তরের ডিআইয়ের নির্দেশ মতো নাকি মঙ্গলবার পরিচালনা সমিতির সদস্য থেকে শুরু করে সাধারণ শিক্ষক ও প্রধান শিক্ষক জরুরি মিটিংয়ে বসে ছিলেন। অভিযোগ মিটিং চলাকালীন বিশৃঙ্খলা পরিস্থিতি সৃষ্টি করে প্রধান শিক্ষক মিটিং বানচাল করে চলে যেতে চাইছিলেন। সেই সময় মিটিংয়ে উপস্থিত পরিচালন সমিতির সদস্য কানাই কুণ্ডু নাকি প্রধান শিক্ষককে বসতে বলেন এবং আটকে দেন। পরিচলন সমিতির দাবি সেই সময়ে প্রধান শিক্ষক নাটক করে আরামবাগ থানায় খবর দেন এবং তাকে মারধর করা হয়েছে বলে মিথ্যা অভিযোগ করেন। খবর পেয়ে আরামবাগ থানার পুলিশ ঘটনাস্থলে যায় এবং প্রধান শিক্ষককে উদ্ধার করে। এই ঘটনাকে কেন্দ্র করে অভিভাবকেরাও প্রধান শিক্ষকের বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দেন। তাদের অভিযোগ স্কুলের পঠন-পাঠন শুধুমাত্র প্রধান শিক্ষকের একগুঁয়েমি ভাব, স্বেচ্ছাচারিতা, স্বৈরাচারী মনোভাব এবং দুর্নীতিগ্রস্ত প্রধান শিক্ষক হওয়ায় স্কুলের পঠন-পাঠন ব্যাহত হচ্ছে। পাশাপাশি স্কুলের সামগ্রিক উন্নয়নে বাধা সৃষ্টি করছে ওই প্রধান শিক্ষক। গত দুই বছর ধরে স্কুলটির ডামাডোল অবস্থা চলছে বলে অভিযোগ। এই জন্য প্রধান শিক্ষককে নানান অনিয়মের জবাব চেয়ে একাধিকবার কারণ দর্শানোর নোটিস দেয় পরিচালনা কমিটির সভাপতি। কিন্তু তাতে কোনও কর্ণপাত করেনি ওই প্রধান শিক্ষক। এই বিষয়ে স্কুলের পরিচালন সমিতির সভাপতি সুমিত কান্তি কুন্ডু বলেন, স্কুলের প্রধান শিক্ষকের অসহযোগিতার জন্যই সামগ্রিক উন্নয়ন থেকে শুরু করে স্কুলের বাচ্চাদের মিড ডে মিলে সমস্যা সৃষ্টি হয়েছে। উনি কোনও হিসেব দেখান না। ডিআই এর নির্দেশে মতোই মিটিং হচ্ছিল। উনি মিটিং বানচাল করছিলেন। পরিচালন সমিতির সদস্য কানাই কুন্ডু বলেন, একজন শিক্ষক স্কুলে অনুপস্থিত থাকার সত্ত্বেও প্রধান শিক্ষক উপস্থিত দেখিয়েছিলেন। তার সঠিক উত্তর উনি দেননি। এমনকী মিড ডে মিলেও ব্যাপক দুর্নীতি হয়েছে। তার হিসেবও উনি দেননি। এদিন উনি মিটিং চলাকালীন চলে যাচ্ছিলেন। অপরদিকে প্রধান শিক্ষক তপন লাগা বলেন, দুর্নীতির অভিযোগ সম্পূর্ণ মিথ্যা। পরিচালন সমিতি ৫ লক্ষ টাকা দাবি করেছিল। টাকা পায়নি বলে মিথ্যা অভিযোগ করছে। মিটিং চলাকালীন ঘাড় ধাক্কা দেওয়া হয়। আরামবাগ পঞ্চায়েত সমিতির শিক্ষা কর্মাধ্যক্ষ দুর্গা সরকার বলেন, পরিচালন সমিতি প্রধান শিক্ষকের বিরুদ্ধে নির্দিষ্ট অভিযোগের প্রমাণ দিতে পারিনি। ডিআই অফিসে মিটিং হয়েছে। মঙ্গলবারের ঘটনা অবাঞ্ছিত। সমস্ত বিষয় শিক্ষা দপ্তরে জানানো হয়েছে। শিক্ষা দপ্তরের ডিআই পলাশ রায় বলেন, ওই স্কুলের বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানোর দেওয়া হয়েছে। সব মিলিয়ে শিক্ষাপ্রতিষ্ঠানে পুলিশ যাওয়া থেকে শুরু করে পরিচালন সমিতি ও প্রধান শিক্ষকের দ্বন্দ্বের ঘটনায় শিক্ষার্থীদের পঠনপাঠনে প্রভাব পড়ায় নিন্দা অভিভাবকদের। তাদের দাবি প্রশাসনের উচিত ওই শিক্ষা প্রতিষ্ঠানকে স্বাভাবিকভাবে চালাতে কঠোর পদক্ষেপ গ্রহণ করা।

# রঘুনাথপুর শহরে প্রতারণা চক্রের ফাঁদে পড়ে টাকা খোয়ানোর অভিযোগে বিক্ষোভ, পথ অবরোধ



**নিজস্ব প্রতিবেদন, পুরুলিয়া:** পুরুলিয়ার রঘুনাথপুর পুর শহরের মিশন রোডে রঘুনাথপুর পুরসভার তৃণমূলের প্রাক্তন পুর প্রধানের বাড়িতে ঠাঁই পাওয়া প্রতারণা চক্রের দ্বারা প্রতারিত হলেন রঘুনাথপুর শহরবাসীর অনেকেই। অভিযোগ, কম দামে নিত্য প্রয়োজনীয় আসবাবপত্র সহ বিভিন্ন ইলেকট্রনিক জিনিসপত্র দেওয়া হবে বলে প্রতারকরা আগাম বুকিংয়ের জন্য প্রায় একমাস ধরে প্রচার করেছিল শহর এলাকায়। সেই খবর ছড়িয়ে পড়তেই এই দুর্মূল্যের বাজারে আগাম টাকা জমা করেন অনেকেই। আচমকাই বুধবার সকালে উধাও হয়ে যায় প্রতারকের দলটি। ঘটনার কথা জানাজানি হতেই শোরুমের সামনে জমায়েত হয়ে বিক্ষোভ দেখাতে থাকেন পুর এলাকার বাসিন্দারা। ঘটনাস্থলে পুলিশ পৌঁছলে পুলিশকে ঘিরেও চলে বিক্ষোভ। এরপর বুধবার দুপুরে পুরুলিয়ার-বরাকর রাজ্য সড়কে রঘুনাথপুর শহরের সিনেমা হল মোড়ে প্রায় ১ঘণ্টা ধরে বিক্ষোভ দেখান তাঁরা।

তাঁদের অভিযোগ, যে ভাড়া বাড়িটিতে এই শোরুম খোলা হয়েছিল সেই বাড়ির মালিকানা রয়েছে তৃণমূল নেতা তথা রঘুনাথপুর পুরসভার প্রাক্তন চেয়ারম্যান মদন বরাটের নামে। অন্যদিকে তৃণমূল পরিচালিত রঘুনাথপুর পুরসভার অনুমতি ছাড়া কী ভাবে এই রমরমা কারবার চালাল প্রতারকরা, তা নিয়ে উঠছে প্রশ্ন। রঘুনাথপুর পুরসভার বিজেপির কাউন্সিলর দীনেশ শুক্লার দাবি, রঘুনাথপুর শহরে এই ধরনের প্রতারণা চক্রের ঠাঁই পাওয়ার জন্য দায়ী পুরসভার তৃণমূলের প্রাক্তন ও বর্তমান চেয়ারম্যান। কারণ প্রতারকের দলটি যে বাড়িতে আশ্রয় নিয়েছিল, সেই বাড়িটি রঘুনাথপুর পুরসভার তৃণমূলের প্রাক্তন চেয়ারম্যান মদন বরাটের। আর বর্তমান তৃণমূলের চেয়ারম্যান কী ভাবে তাদের শহরের বুকে অবৈধ ভাবে ব্যবসা করার জন্য ট্রেড লাইসেন্স দিলেন। এদিন রঘুনাথপুর শহরে এই ধরনের ঘটনার জন্য তৃণমূলের রঘুনাথপুর পুরসভার বর্তমান ও প্রাক্তন চেয়ারম্যান দায়ী বলে জানান রঘুনাথপুর পুরসভার বিজেপির কাউন্সিলর।

অন্যদিকে রঘুনাথপুর শহর কংগ্রেস কমিটির সভাপতি তারকনাথ পরামাণিকের দাবি, কেবল রঘুনাথপুর পুরসভার বর্তমান চেয়ারম্যান ও প্রাক্তন চেয়ারম্যানই এই ঘটনার জন্য দায়ী তা নয়। তাঁদের সঙ্গে তৃণমূল সরকারের পুলিশ প্রশাসনও এই ঘটনার জন্য দায়ী। তৃণমূল সরকারের মদতেই এই ধরনের ঘটনা ঘটল রঘুনাথপুরে।

অন্যদিকে রঘুনাথপুর শহর তৃণমূলের শ্রমিক সংগঠনের সভাপতি সূর্য চক্রবর্তী বলেন, 'এই ঘটনার সঙ্গে রাজনৈতিক কোনও রং লাগানো ঠিক নয়। কারণ সাধারণ মানুষজন প্রতারকদের ফাঁদে পড়ে টাকা খুইয়েছেন। এমনকি আমার পরিবারও এই প্রচারণার ফাঁদে পড়েছে। প্রশাসনের কাছে দোষীদের দ্রুত গ্রেপ্তারের দাবি জানাব।'

# সায়েন্স অলিম্পিয়াডে ৪১টি স্বর্ণপদক পেয়ে তাক বিবেকানন্দ মডেল স্কুলের




**নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া:** এবার কোনও রাজ্যভিত্তিক পরীক্ষা নয়, একেবারে আন্তর্জাতিক স্তরে সাফল্যের শিরোনামে বিবেকানন্দ মডেল স্কুল। আন্তর্জাতিক সায়েন্স অলিম্পিয়াড পরীক্ষা ২০২৩-২৪ এ ৪১টি স্বর্ণপদক অর্জন করে নজির গড়ল বিবেকানন্দ মডেল স্কুল। বিবেকানন্দ মডেল স্কুলের ২৮ জন ছাত্রছাত্রী মোট ৪১টি স্বর্ণপদক লাভ করেছে সায়েন্স অলিম্পিয়াড ২০২৩-২৪ পরীক্ষায়। এই বছর বিবেকানন্দ মডেল স্কুলে ইন্টারন্যাশনাল জেনারেল নলেজ অলিম্পিয়াড, ইন্টারন্যাশনাল ম্যাথমেটিক্স অলিম্পিয়াড, ইন্টারন্যাশনাল ইংলিশ অলিম্পিয়াড, ন্যাশনাল সায়েন্স অলিম্পিয়াড, ইন্টারন্যাশনাল স্যোশাল সায়েন্স অলিম্পিয়াড এই পাঁচটি বিভাগে পরীক্ষা নেওয়া হয়েছিল। প্রতিটি বিভাগেই ছাত্রছাত্রীরা গোল্ড মেডেল অফ এক্সেলেন্স লাভ করেছে। তার মধ্যে ইন্টারন্যাশনাল জেনারেল নলেজ অলিম্পিয়াডে বিদ্যালয়ের প্রথম শ্রেণির ছাত্রী সাহিদা খাতুন আন্তর্জাতিকস্তরে চতুর্থ স্থান লাভ করেছে।

আগামী দিনে ছাত্রছাত্রীদের আন্তর্জাতিক স্তরের এই পরীক্ষার প্রস্তুতির জন্য বিবেকানন্দ মডেল স্কুল কর্তৃপক্ষ প্রত্যেক শনিবার ফ্রি অলিম্পিয়াড কোচিং ক্লাসও শুরু করেছেন। এই বছর থেকে অন্যান্য বিদ্যালয়ের মেধাবী ছাত্রছাত্রীরাও এই কোচিংয়ে অংশগ্রহণ করতে পারবে। বিবেকানন্দ মডেল স্কুলের এই ধরনের সাফল্য এবং পরবর্তীতে যাতে সাফল্য আরও বেশি পরিমাণে আসে তার জন্য ফ্রিতে কোচিং ব্যবস্থাকে সাধুবাদ জানিয়েছেন সমাজের সকলস্তরের মানুষজন।

# ট্রেন থেকে চুরি গেল রিয়ালিটি শো খ্যাত গায়িকা রাফা ইয়াসমিনের জরুরি সামগ্রী

## উদাসীন রেল পুলিশ, প্রশ্ন নিরাপত্তা নিয়ে!



**নিজস্ব প্রতিবেদন, মালদা:** ইন্ডিয়ান আইডিয়াল খ্যাত এবং বহু চর্চিত মালদার গায়িকা রাফা ইয়াসমিন ও তাঁর পরিবারের ট্রেন যাত্রার সময় সর্বস্ব লুট করল দুষ্কৃতীরা। বুধবার ভোররাতে ডাউন রাধিকাপুর এক্সপ্রেস ট্রেনের এই ঘটনার পর রেল পুলিশের কোনও সহযোগিতা পায়নি গায়িকা রাফা ইয়াসমিন এবং তার পরিবার বলে অভিযোগ। বাধ্য হয়ে এদিন ভোরে ট্রেনে থাকাকালীন মালদার কর্তব্যরত এক পুলিশ কর্তাকে ফোন করে কলকাতার চিৎপুর স্টেশনের জিআরপির সহযোগিতা নেন গায়িকা রাফা ও তার পরিবার। ওই ট্রেনের প্রথম শ্রেণির শীততাপ নিয়ন্ত্রিত কামরায় এমন চুরির ঘটনায় রীতিমতো রেল পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলে দিয়েছে। ঘটনাটি ঘটেছে ডাউন রাধিকাপুর- চিৎপুরগামী এক্সপ্রেস ট্রেনে। যদিও এই ঘটনার পর কলকাতা চিৎপুর স্টেশনে নেমে সংশ্লিষ্ট এলাকার জিআরপির কাছে লিখিত অভিযোগ দায়ের করেছেন গায়িকা রাফা ইয়াসমিনের বাবা রাজ্জাক হোসেন।

উল্লেখ্য, মালদা শহরের মীরচক এলাকার বাসিন্দা রাফা ইয়াসমিন গত কয়েক বছরের ব্যবধানে ভারতবর্ষের বিভিন্ন সংগীত মঞ্চে প্রতিযোগিতায় একের পর এক সাফল্য অর্জন করেছে। এমনকী সোনি টিভির ইন্ডিয়ান আইডোলেও রাফা ইয়াসমিন নিজের সাফল্য তুলে ধরেছেন। এরপর দেশ-বিদেশের নাম ছড়িয়েছে মালদার এই গায়িকা রাফা ইয়াসমিনের।

রাফার বাবা রাজ্জাক হোসেন কলকাতা চিৎপুর স্টেশনের জিআরপিকে অভিযোগে জানিয়েছেন, এদিন তারা একটি অনুষ্ঠানের জন্য কলকাতায় যাচ্ছিলেন। মঙ্গলবার মালদা টাউন স্টেশন থেকে গভীর রাতে আমরা ডাউন রাধিকাপুর এক্সপ্রেস ট্রেনে উঠি। এ- ওয়ান শীততাপ নিয়ন্ত্রিত আমাদের আসন ছিল ১৮,৩৪ এবং ৩৬ । ভোর ছয়টা নাগাদ আমি যখন বাথরুম যাই, তখনই মেয়ে আমাকে সিট থেকে ফোন করে বলে একটি ব্যাগ ও মূল্যবান কিছু জিনিস চুরি হয়েছে। সেই ব্যাগে কয়েক হাজার টাকার নগদ, মোবাইল, পরিচয় পত্র , এটিএম কার্ড সহ আরো জরুরি কিছু জিনিস ছিল। এই ঘটনার পর রেলের এমার্জেন্সি নম্বর এবং রেল পুলিশকেও ফোন করে পায়নি। তাদের কোনও সহযোগিতা মেলেনি। অবশেষে মালদার এক পুলিশকর্তা সহযোগিতা নিয়েই চিৎপুর স্টেশনের জিআরপির কাজে অভিযোগ জানায়।

রাফার মা তানিয়া হোসেন জানিয়েছেন, দূরপাল্লার এক্সপ্রেস ট্রেনে নিরাপত্তা বলে কিছু নেই। এই ঘটনার পর আমরা রীতিমতো আতঙ্কিত হয়ে পড়েছি। রেল পুলিশের সহযোগিতার চেষ্টা করেছি। কেউ এগিয়ে আসেনি। ট্রেনে ক্রমাগত চুরি ছিনতাইয়ের ঘটনায় যাত্রী পরিষেবা নিয়েও প্রশ্ন তুলে দিয়েছেন গায়িকা রাফার পরিবার।

যদিও জিআরপি সূত্রে জানা গিয়েছে, চুরি যাওয়া মোবাইলের লোকেশন ধরেই এই ঘটনা তদন্ত শুরু করা হয়েছে।

# ভদ্রেশ্বরে শিশু নিখোঁজের অভিযোগ, ব্যাপক চাঞ্চল্য

**নিজস্ব প্রতিবেদন, ভদ্রেশ্বর:** হুগলির ভদ্রেশ্বরে নিখোঁজ শিশু ভদ্রেশ্বর থানায় অভিযোগ দায়ের অভিযোগের ভিত্তিতে দিনভর নিখোঁজ শিশুর খোঁজে তল্লাশি। শিশু নিখোঁজের অভিযোগকে কেন্দ্রে করে ব্যাপক চাঞ্চল্য ছড়াল হুগলির ভদ্রেশ্বরের ২১ নম্বর ওয়ার্ডের সাহেববাগান এলাকায়। নিখোঁজ শিশুর নাম আরাধ্যা রাম। ইতিমধ্যেই পুলিশের দ্বারস্থ হয়েছে নিখোঁজ শিশুর পরিবার। নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে তল্লাশিও শুরু করেছে পুলিশ। বুধবার এলাকার ঝোপঝাড় জঙ্গলের পাশাপাশি জলাশয়েও তল্লাশি চালান হয়।

জানা গিয়েছে, শিশুটি তার বাবা-মায়ের সঙ্গে থাকে। সাহেব বাগান এলাকায় শিশুটির মামার বাড়ি। বিউটিশিয়ানের কোর্স করার জন্য বাপের বাড়িতে ছিলেন শিশুটির মা মনীষা রাম। সঙ্গে শিশুটিও ছিল। মঙ্গলবার বাড়ির কাছেই ছিল শিশুটি। কিন্তু তারপর হঠাৎই আর তার কোনও খোঁজ নেই। ঘটনায় কান্নায় ভেঙে পড়েছেন শিশুটির মা মনীষা রাম। এই বিষয়ে মনীষা রাম বলেন, 'আমার মেয়ে পাশের বাড়ির মেয়েটার সঙ্গে খেলে। ৫টা নাগাদ আমার মেয়েকে নিয়ে গিয়েছিল। আবার বাড়িও দিয়ে যায়। আমি মেয়েকে খাইয়ে, জামা ও জুতো পরিয়ে দিই। এরপর মেয়ে আবার পাশের বাড়ির দিকে যায়। আমি আর বেশি খেয়াল করিনি। ভেবেছি পাশের বাড়ির মেয়েটার কাছেই গিয়েছে। পরে ৮টা-সাড়ে ৮টা নাগাদ যখন জিজ্ঞাসা করলাম, তখন বলল ওখানে যায়নি। তারপর খোঁজাখুঁজি শুরু করি।'

ঘটনায় নিখোঁজ শিশুর বাবা বিকি রাম বলেন, 'শাশুড়ি ফোন করে বললেন মেয়েকে খুঁজে পাওয়া যাচ্ছে না। আমরা খোঁজাখুঁজি শুরু করি। পুলিশের কাছেও গিয়েছি। কেউ তুলে নিয়ে গিয়েছে বলে মনে হচ্ছে। পুলিশ জিজ্ঞাসা করছে কারও ওপরে সন্দেহ রয়েছে কি না। পুলিশ সিসিটিভি ফুটেজও দেখছে। আমি চাই আমার মেয়ে ফিরে আসুক।' এই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক শোরগোল পড়ে গিয়েছে গোটা এলাকায়। স্থানীয় এক মহিলা বলেন, 'এটা মেয়েটার মামার বাড়ি। কী ভাবে কী হল, কিছুই বুঝতে পারছি না। আমাদেরও বাড়িতে শিশু আছে। আগে কখনও এমন ঘটনা ঘটেনি। এমন ঘটনার পর রীতিমতো ভয় লাগছে। মেয়েটা ফিরে এল ভালো হয়।'

ঘটনায় ইতিমধ্যেই হুগলির ভদ্রেশ্বর থানায় অভিযোগ দায়ের হয়েছে। নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে তদন্তও শুরু করেছে পুলিশ। নিখোঁজ শিশুর খোঁজে শুরু হয়েছে জোরদার তল্লাশি। বুধবার ঘটনাস্থলের আশেপাশে বিভিন্ন ঝোপঝাড় ও জলাশয়ে তল্লাশি চালানো হয়। একইসঙ্গে একটি পাতকুয়োর জল ছেঁচে সেখানেও চালানো হয় তল্লাশি। যদিও এখনও পর্যন্ত নিখোঁজ শিশুর কোনওরকম খোঁজ পাওয়া যায়নি বলেই জানা যাচ্ছে। পুলিশ জানিয়েছে, তল্লাশির সুবিধার্থে ড্রোন ক্যামেরার সাহায্যও নেওয়া হবে।

# জেলা সম্পদকর্মী ও প্রশিক্ষকদের শিবির



**নিজস্ব প্রতিবেদন, বারুইপুর:** রাজ্যের পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন বিভাগের উদ্যোগে দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে শুরু হল জেলা সম্পদকর্মী ও প্রশিক্ষকদের নিয়ে ৩ দিনের বিশেষ প্রশিক্ষণ শিবির। বুধবার জেলা পঞ্চায়েত ট্রেনিং ও রিসোর্স সেন্টারে আয়োজিত এই শিবিরের উদ্বোধন করেন বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। উপস্থিত ছিলেন জেলাশাসক সুমিত গুপ্তা, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের কমিশনার বিশ্বজিৎ দত্ত, জেলা পরিষদের সভাধিপতি নীলিমা বিশাল মিস্ত্রি, সহ-সভাধিপতি শ্রীমন্ত মালি প্রমুখ। প্রশাসন সূত্রে খবর, চারটি ব্যাচে ১৬টি জেলার মোট ২২১ জনকে প্রশিক্ষিত করা হবে তিন দিনের এই শিবিরের মাধ্যমে।

# সড়ক দুর্ঘটনায় মৃত্যু ২

**নিজস্ব প্রতিবেদন, জামালপুর:** সড়ক দুর্ঘটনায় মৃত্যু হল দু'জনের, গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন আরও দু'জন। ঘটনাটি ঘটে বুধবার ভোর সাড়ে ৩টে নাগাদ পূর্ব বর্ধমান জেলার জামালপুরের মাধবপুর সংলগ্ন এলাকায়।

এলাকা সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার সারারাত ধরে দশঘরা এলাকায় বিচিত্রানুষ্ঠান দেখে বুধবার ভোরে একটি চারচাকা গাড়ি করে বাড়ি ফিরছিলেন ৬জন। পথে নিয়ন্ত্রণ হারিয়ে ক্যানেলের জলে পড়ে যায় ছোট গাড়িটি। দুর্ঘটনায় মৃত্যু হয় দুই যুবকের। আহত হন আরও দু'জন। খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পৌঁছে আহত চারজনকে উদ্ধার করে জামালপুর ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যায়। জামালপুর ব্লক স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসা চলাকালীন মৃত্যু হয় একজনের। মৃত যুবকের নাম নুরসেলিম শেখ (২৪)। আশঙ্কাজনক অবস্থাতে তিনজনের মধ্যে দু'জনকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হলে, সেখানে আরও একজনের মৃত্যু হয়। মৃত ওই যুবকের নাম শেখ আব্বাস (২৬)। আশঙ্কাজনক অবস্থায় বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন শেখ আলফাজ (২৩)। অন্যদিকে জামালপুর ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকে প্রাথমিক চিকিৎসার পর শেখ সায়ন হক নামের আহত যুবককে ছেড়ে দেওয়া হয়। সকলেরই বাড়ি জামালপুরের কেরিলি এলাকায়।

জামালপুর থানার পুলিশ সূত্রে জানা গিয়েছে, জামালপুরের কেরিলি গ্রাম থেকে মঙ্গলবার রাত দশটা নাগাদ হুগলির দশঘড়া এলাকায় একটি চারচাকা গাড়িতে চেপে ৬জন বন্ধু মিলে একটি বিচিত্রানুষ্ঠান দেখতে যায়। ভোরবেলায় সেখান থেকে বাড়ি ফেরার পথে নিয়ন্ত্রণ হারিয়ে চারচাকা গাড়িটি রাস্তার পাশের ক্যানেলের মধ্যে পড়ে যায়। গাড়ির ভিতরে থাকা মোট ৬ জনের মধ্যে ৩ জন তৎক্ষণাৎ গাড়ি থেকে বেরিয়ে পড়েন। দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পৌঁছে বাকি তিনজনকে উদ্ধার করে গাড়ির ভিতর থেকে। মোট চারজনকে আহত অবস্থায় ঘটনাস্থল থেকে জামালপুর ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। পরে ক্রেনের সাহায্যে ক্যানেল থেকে গাড়িটি উদ্ধার করে পুলিশ।

# কাটমানি নেওয়ার অভিযোগ তোলা এজেন্সির মালিকের বিরুদ্ধে মানহানি মামলার হুঁশিয়ারি

**নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট:** কাটমানি নেওয়ার অভিযোগ তোলা এজেন্সির মালিকের বিরুদ্ধে মানহানি মামলার হুঁশিয়ারি পুরপ্রধানের। বুধবার এ বিষয়ে সাংবাদিক সম্মেলন করেন বালুরঘাট পুরসভার চেয়ারম্যান অশোক কুমার মিত্র। ওই এজেন্সি মালিক যে সময় মতো পুরসভার নিয়ম মেনে কাজ করেননি, তা তথ্যসহ এদের সাংবাদিকের কাছে তুলে ধরেন বালুরঘাট পুরসভার চেয়ারম্যান।

উল্লেখ্য, বকেয়া বিল পেতে চেয়ারম্যানকে দশ লক্ষ টাকা কাটমানি দিতে হয়েছে বলেই অভিযোগ তুলেছিলেন বিদ্যুৎ দপ্তরের এক ঠিকাদার সংস্থার মালিক। সংস্থার মালিকের অভিযোগ ছিল শ্মশানে চুল্লির কাজের ও অন্যান্য বকেয়া দীর্ঘদিন ধরেই আটকে রাখা হয়েছে পুরসভার তরফে। সেই বকেয়া পাওনা পাওয়ার জন্য পুরো প্রধানের নির্দেশেই দুই দফায় দশ লক্ষ টাকা দিতে হয়েছিল। এই বিষয়ে এদিন সাংবাদিক সম্মেলন করেন বালুরঘাট পুরসভার চেয়ারম্যান অশোক মিত্র। কাটমানি নেওয়ার বিষয়টি সম্পূর্ণ অস্বীকার করার পাশাপাশি ওই ঠিকাদার সংস্থার মালিকের বিরুদ্ধে মানহানি মামলা করার বিষয়ে জানান চেয়ারম্যান।

এবিষয়ে বালুরঘাট পুরসভার চেয়ারম্যান অশোক কুমার মিত্র বলেন, 'যে অভিযোগ তোলা হচ্ছে তা মিথ্যা। ওই এজেন্সি অলরেডি ডিফলডার হিসেবে চিহ্নিত হয়েছেন। এজেন্সি মালিককে তার দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়ার ব্যবস্থা শুরু হয়েছে এবং এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।'

# বিজেপি নেত্রীর বাড়িতে বোমাবাজির অভিযোগ

**নিজস্ব প্রতিবেদন, গোপালনগর:** বিজেপি নেত্রীর বাড়িতে বোমাবাজির অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে, অভিযোগ অস্বীকার তৃণমূলের আতঙ্ক এলাকায়। বিজেপি নেত্রীর বাড়িতে বোমাবাজির ঘটনার অভিযোগে আতঙ্ক ছড়ালো। মঙ্গলবার গভীর রাতে ঘটনাটি ঘটেছে গোপালনগর থানার ফলেয়া এলাকায়। নেত্রীর নাম দিপালী সিকদার। এই ঘটনায় আতঙ্কিত পরিবার এবং প্রতিবেশীরা। দিপালী দেবী ও তার পরিবারের সদস্যরা জানিয়েছেন রাতে বিকট শব্দে ঘুম ভেঙে যায়। তারা ঘুম থেকে উঠে দেখেন উঠোনে সুতলি পড়ে আছে আর চারিদিক ধোঁয়া ধোঁয়া। জানালার কাচ ফেঁটে গিয়েছে। তাদের বক্তব্য এলাকায় এমন ঘটনা আগে কখনো ঘটেনি। কর্মস্থলে গোপালনগর থানার পুলিশ এসে তদন্ত শুরু করেছে। বিজেপি নেত্রী দিপালী সিকদার বলেন, রাতে ঘুমাচ্ছিলাম হঠাৎ করে আওয়াজ শুনতে পাই। ঘুম থেকে উঠেই দেখি ধোয়া ভর্তি তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরাই এই ভাবে ভয় দেখাচ্ছে। বিক্রম সিকদার বলেন, এই ভাবে বোমাবাজি করে আমাদের ভয় দেখানোর চেষ্টা করছে। বনগাঁ সাংগঠনিক জেলার তৃণমূল সভাপতি বিশ্বজিৎ দাস বলেন, বোমাবাজি করার প্রয়োজন হলে তৃণমূল কংগ্রেস ভোটের মধ্যেই করতে পারত। ভোট মিটে গিয়েছে এখন বোমাবাজি করে তৃণমূলের কোনো লাভ নেই, এটা বিজেপির গোষ্ঠীকোন্দল তাই নিজেরাই নিজেদের মতো করে বোমাবাজি করে তৃণমূলের ওপর দোষারোপ করছে।

# সুপ্রিম রায়কে স্বাগতেও সংশয়ে হাওড়ার পাঁচ শতাধিক বৃহন্নলা

**মনোজ চক্রবর্তী**



**উলুবেড়িয়া:** সমাজে প্রতিষ্ঠা পাওয়ার ওদের (বৃহন্নলা) এক অদম্য লড়াইকে দিন কয়েক আগে সিলমোহর দিয়েছে সুপ্রিম কোর্ট। সরকারি চাকরিতে ওদের জন্য এক শতাংশ সংরক্ষণের আদেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। যদিও সুপ্রিম কোর্টের এই রায়কে স্বাগত জানালেও রুটি-রুজি এবং জীবন জীবিকার প্রশ্নে এখনও সংশয়ে রয়েছেন হাওড়ার ৫ শতাধিক তৃতীয় লিঙ্গের মানুষ।

এক পরিসংখ্যানে দেখা গিয়েছে হাওড়ার বেশ কয়েকটি পয়েন্টে পাঁচশোরও বেশি তৃতীয় লিঙ্গের মানুষ বসবাস করেন। কিন্তু ওদের চাকরি পাওয়ার জন্য উপযুক্ত যে শিক্ষা প্রয়োজন তা মিলবে কোথা থেকে এটাই এখন ওদের কাছে বড় প্রশ্ন। কারণ দু'-একটি ক্ষেত্র ছাড়া আজও ওরা সমাজের ট্যারা চোখের শিকার। যদিও এ বিষয়ে আইন কড়া হয়েছে। কিন্তু সামাজিক সচেতনতা না থাকলে সর্বোপরি আর পাঁচজন মানুষ এগিয়ে না এলে ওদের জীবন আঁধারেই থেকে যাবে বলে ওদের আশঙ্কা। তাই সবস্তরের মানুষকে কাছে ডেকে নেওয়ার আবেদন হাওড়ার ৫ শতাধিক তৃতীয় লিঙ্গের মানুষের।

ওদের কারও পোশাকি নাম চুমকি, কেউ রুপোলি, আবার কেউ চামেলি। সকাল হলে না স্নান সেরে ঠাকুরকে স্মরণ করে ওরা দল বেঁধে বেরিয়ে পড়ে। তারপর ছড়িয়ে পড়ে বিভিন্ন এলাকায়। ওদের নির্দিষ্ট এলাকা ভাগ করা রয়েছে। কোনও এলাকার নবজাতককে নাচানো থাকলে ওদের আনন্দটা একটু বেশি হয়। বাকি সময়টুকু ওরা হাওড়ার বিভিন্ন প্রান্তে ধুলোগড়, বাগনান, উলুবেরিয়া সহ কয়েকটি এলাকায় মানুষের কাছে হাততালি দিয়ে সাহায্য চান। বয়স হলে ওদের পাওয়ার সাহায্য অনেকটাই কমে যায়। বলা ভালো অন্যের মুখাপেক্ষী হয়ে ওদের জীবন কাটে। অথচ জন্মের পর ওদের এমন ভাবে জীবন কাটানোর কথা ছিল না। ভাগ্যের পরিহাসে ওরা আজ সমাজের ব্রাত্য। কারণ ওরা তৃতীয় লিঙ্গের।

## দেশ বদলেও রোহিতদের পিছু ছাড়ছে না বৃষ্টি

# বিশ্বকাপে সুপার ৮-এ বৃহস্পতিবার ভারতের প্রথম ম্যাচ হবে তো?

**নিজস্ব প্রতিনিধি:** ভারতের শেষ ম্যাচ বৃষ্টির জন্য হয়নি। সেই ম্যাচটি ছিল আমেরিকার ফ্লরিডায়। বৃহস্পতিবার রোহিত শর্মারা খেলবেন আফগানিস্তানের বিরুদ্ধে। সেই ম্যাচ রয়েছে বার্বাডোজের ব্রিজটাউনে। কিন্তু সেখানেও বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

অ্যাকু ওয়েদার অনুযায়ী বৃহস্পতিবার ব্রিজটাউনে ২৫ শতাংশ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সেখানকার তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রি সেলসিয়াস। যদিও অনুভূত হবে ৩৮ ডিগ্রি সেলসিয়াস। আকাশ মেঘলা থাকবে। বৃষ্টি হলেও বজ্রবিদ্যুতের সম্ভাবনা নেই। ২৪ কিলোমিটার প্রতি ঘণ্টা গতিতে হাওয়া বইবে।

গ্রুপ পর্বে আয়ারল্যান্ড, পাকিস্তান এবং আমেরিকাকে হারিয়ে দেয় ভারত। শেষ ম্যাচ ছিল কানাডার বিরুদ্ধে। সেই ম্যাচটিই বৃষ্টির কারণে বাতিল হয়ে যায়। আফগানিস্তানের বিরুদ্ধেও জিততে চাইবে অপরাজিত ভারত। সেই ম্যাচে বৃষ্টি হলে এক পয়েন্ট করে পাবে দুই দল। কোনও রিজার্ভ দিন রাখা নেই। সেই কারণেই পয়েন্ট ভাগ করে দেওয়া হবে।

গ্রুপ পর্বে আয়ারল্যান্ড, পাকিস্তান এবং আমেরিকাকে হারিয়ে দেয় ভারত। শেষ ম্যাচ ছিল কানাডার বিরুদ্ধে। সেই ম্যাচটিই বৃষ্টির কারণে বাতিল হয়ে যায়।



আফগানিস্তানের বিরুদ্ধেও জিততে চাইবে অপরাজিত ভারত। সেই ম্যাচে বৃষ্টি হলে এক পয়েন্ট করে পাবে দুই দল। কোনও রিজার্ভ দিন রাখা নেই। সেই কারণেই পয়েন্ট ভাগ করে দেওয়া হবে।

ভারতীয় দলকে চিন্তায় রাখছেন বিরাট কোহলি। এখনও পর্যন্ত তিনটি ম্যাচ খেলে পাঁচ রান করেছেন তিনি। বিরাটের মতো ব্যাটার রান না পেলে দল সমস্যায় পড়তে পারে। ভারতের হয়ে ওপেন করছেন তিনি। কিন্তু বাঁহাতি পেসারদের বিরুদ্ধে সমস্যা রয়েছে তাঁর। আফগান দলে ফজলহক ফারুকির মতো বাঁহাতি পেসার রয়েছেন। যা বিরাটের জন্য সমস্যার কারণ হতে পারে।

# টি-টোয়েন্টির ১ নম্বর অলরাউন্ডার এখন স্টয়নিস

**নিজস্ব প্রতিনিধি:** শীর্ষে থেকেই টি-টোয়েন্টি বিশ্বকাপ শুরু করেছিলেন। এরপর শ্রীলঙ্কা ও দক্ষিণ আফ্রিকার বিপক্ষে বাজে পারফর্ম করায় গত সপ্তাহে শীর্ষ স্থান থেকে একঝটকায় পাঁচে নেমে যান সাকিব আল হাসান।

তবে নেদারল্যান্ডস ও নেপালের বিপক্ষে পারফর্ম করে আইসিসি অলরাউন্ডারদের র‍্যাঙ্কিংয়ে দুই ধাপ এগিয়েছেন সাকিব। এখন তিনি আছেন ৩ নম্বরে। নেদারল্যান্ডসের বিপক্ষে অপরাজিত ৬৬ রান করেছিলেন সাকিব। এরপর নেপালের বিপক্ষে ব্যাট হাতে ১৭ আর বল হাতে ২ উইকেট নিয়েছেন সাকিব।

গত সপ্তাহে শীর্ষে থাকা আফগানিস্তানের অলরাউন্ডার মোহাম্মদ নবী নেমে গেছেন ৪ নম্বরে। শীর্ষে উঠেছেন অস্ট্রেলিয়ান অলরাউন্ডার মার্কাস স্টয়নিস। গ্রুপ পর্বে নামিবিয়ার বিপক্ষে বল হাতে ৩ ওভারে ৯ রানে ২ উইকেট নেন স্টয়নিস। এরপর স্কটল্যান্ডের বিপক্ষে ৫৯ রানের ইনিংস খেলেছিলেন এই অলরাউন্ডার।


বল হাতে এবারের বিশ্বকাপে দারুণ পারফর্ম করছেন আকিল হোসেন। ৪ ম্যাচে এখন পর্যন্ত নিয়েছেন ৯ উইকেট। তাতে ৬ ধাপ এগিয়ে টি-টোয়েন্টি বোলারদের র‍্যাঙ্কিংয়ে ২ নম্বরে উঠে এসেছেন আকিল। দারুণ বোলিং করছেন বাংলাদেশের লেগ স্পিনার রিশাদ হোসেনও। তাতে তিনি ক্যারিয়ার, সেরা ৫৭৯ রেটিং পয়েন্ট নিয়ে তিন ধাপ এগিয়ে যৌথভাবে ২৭ নম্বর অবস্থানে আছেন।

নেপালের বিপক্ষে দারুণ বোলিং করেও এক ধাপ পিছিয়েছেন মোস্তাফিজুর রহমান। তাঁর অবস্থান ১৪ নম্বরে। ১৩ নম্বরে উঠে এসেছেন ওয়েস্ট ইন্ডিজের স্পিনার গুড়াকেশ মোতি। তিনি এগিয়েছেন ১৬ ধাপ। পেসার আলজারি জোসেফ ৬ ধাপ এগিয়ে ১১ নম্বর স্থানে এসেছেন। বোলারদের মধ্যে শীর্ষে যথারীতি ইংল্যান্ডের আদিল রশিদ।

টি-টোয়েন্টিতে ব্যাটসম্যানদের মধ্যে সূর্যকুমার যাদব। মূলত শীর্ষ চার ব্যাটসম্যানের মধ্যে কোনো জায়গার পরিবর্তন হয়নি। অস্ট্রেলিয়ার ট্রাভিস হেড পাঁচ ধাপ এগিয়ে আছেন পঞ্চম স্থানে। আফগানিস্তানের বিপক্ষে ৯৮ রানের ইনিংস খেলা নিকোলাস পুরান আট ধাপ এগিয়ে ১১ নম্বরে উঠে এসেছেন। নিউজিল্যান্ডের বিপক্ষে অপরাজিত ৬৮ রানের ইনিংস খেলেছিলেন শেরফান রাদারফোর্ড। তাতে র‍্যাঙ্কিংয়ে ৪৩ ধাপ এগিয়েছেন রাদারফোর্ড, উঠে এসেছেন ৪২ নম্বরে।

বাংলাদেশের তাওহিদ হৃদয় বিশ্বকাপে নিজেদের প্রথম ম্যাচে শ্রীলঙ্কার বিপক্ষে ২০ বলে ৪০ ও পরের ম্যাচে প্রোটিয়াদের বিপক্ষে ৩৪ বলে ৩৭ রান করেন। দুই ম্যাচেই বাংলাদেশের সর্বোচ্চ রান সংগ্রাহক ছিলেন তিনি। তাতে ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ে ৩২ ধাপ এগিয়েছিলেন হৃদয়। তবে টানা দুই ম্যাচে নেদারল্যান্ডস ও নেপালের বিপক্ষে ব্যর্থতায় তিন ধাপ পিছিয়েছেন। এখন আছেন ৩০ নম্বরে।

## এমবাপ্পের নাকের অস্ত্রোপচার করাতে হবে, বললেন ফ্রান্সের কোচ দেশম



**নিজস্ব প্রতিনিধি:** নেদারল্যান্ডসের বিপক্ষে তাঁর খেলা নিয়ে যথেষ্ট সংশয় আছে। সম্ভাবনা আছে এবারের ইউরো থেকেই ছিটকে যাওয়ার। শেষ পর্যন্ত কিলিয়ান এমবাপ্পের ভাগ্যে কী লেখা আছে, সেটা জানা যাবে আজ আরও কিছু ডাক্তারি পরীক্ষার পর। তবে এর আগে এমবাপ্পের নাকের চোট নিয়ে সর্বশেষ খবর দিয়েছেন ফ্রান্সের কোচ দিদিয়ের দেশম।

ডুসেলডর্ফে গত পরশু রাতে অস্ট্রিয়ার বিপক্ষে ফ্রান্সের ১-০ গোলে জয়ের ম্যাচে ৯০ মিনিটে হেড করতে গিয়ে অস্ট্রিয়ান ডিফেন্ডার কেভিন দানসোর সঙ্গে সংঘর্ষে নাকে চোট পান এমবাপ্পে। সেই সময় তাঁর নাক দিয়ে রক্তও ঝরছিল। ফ্রান্সের কোচ দেশম তাঁকে মাঠ থেকে তুলে নেন। পরে ডুসেলডর্ফের একটি হাসপাতালে নেওয়ার পর জানা যায়, এমবাপ্পের নাক ভেঙে গেছে।

নাক ভাঙলেও এমবাপ্পের অস্ত্রোপচারের প্রয়োজন নেই বলে ইএসপিএনকে জানিয়েছিলেন ফ্রান্সের ফুটবল ফেডারেশনের (এফএফএফ) সভাপতি ফিলিপ দিয়ালো। ফেডারেশন থেকে বলা হয়েছিল, মাস্ক পরে মাঠে নামবেন এই তারকা স্ট্রাইকার। কিন্তু ফ্রান্সের কোচ দেশম আজ ফেডারেশনের মিডিয়ায় বলেছেন, এমবাপ্পের নাকে অস্ত্রোপচার করাতে হবে।

দেশমের এমন ঘোষণার পর স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠেছে;তাহলে কি এবারের ইউরোয় আর খেলতে পারবেন না এমবাপ্পে? দেশম অবশ্য এ বিষয়ে সরাসরি কিছু বলেননি, ‘বুধবার (আজ) আরও পরীক্ষা করে দেখা হবে ওর অবস্থা কী। এটা দলের জন্য বড় হতাশার বিষয় ছিল। চিকিৎসক দল ওর সমস্যার সমাধান করতে সম্ভাব্য সবকিছুই করেছে।’

দেশম এরপর যোগ করেন, ‘এখন যদি ওর অস্ত্রোপচার না-ও হয়, পরে করাতে হবেই। সকাল থেকে অবস্থা কিছুটা ভালো। তাই আমরা দেখব, কী হয়। আমরা প্রতিদিনই ওর অবস্থা খুব ভালোভাবে পর্যবেক্ষণ করব।’

## প্রতিভার খোঁজে হানশি প্রেমজিৎ সেন

**নিজস্ব প্রতিনিধি:** ‘অল ইন্ডিয়া সেইশিনকাই সিতো রিউ ক্যারাটে ডু ফেডারেশন’ গত ১৯শে মে থেকে ২২শে মে, ২০২৪ তারিখ পর্যন্ত দিঘা বিশেষ এক ট্রেনিং ক্যাম্পের আয়োজন করেছিলো।

হানশি প্রেমজিৎ সেন ‘গ্লোবাল সেইশিনকাই সিতো রিউ ক্যারাটে ডু ফেডারেশনের’ প্রতিষ্ঠাতা। এই ফেডারেশনের মাধ্যমে হানশি প্রেমজিৎ সেনের নেতৃত্বে ছাত্রছাত্রীরা সারা বিশ্বে অনুষ্ঠিত হওয়া অনেক টুর্নামেন্টেই দুর্দান্ত ফলাফল করে নিজেদের ছাপ রেখেছে। তবে বলতেই হয় ক্যারাটের জগতে প্রেমজিৎ সেন স্বয়ং একটি ব্র্যান্ড এবং সেক্ষেত্রে তিনি বিশ্বব্যাপী স্বীকৃত।‘গ্লোবাল সেইশিনকাই সিতো রিউ ক্যারাটে ডু ফেডারেশনের’ প্রধান উদ্দেশ্য নারীর ক্ষমতাবৃদ্ধি ও সেইজন্যই ইতিপূর্বেও তারা অনেক কর্পোরেট ও সরকারি সংস্থার সাথে মিলিতভাবে বহু সেল্ফ ডিফেন্স সেমিনারের আয়োজন করেছিলো।



প্রেমজিৎ সেন একজন মাল্টিটাস্কার। সুদক্ষ প্রশাসক থেকে নিষ্ঠাবান কোচ ও তা থেকে তীক্ষ্ণধার একজন রেফারি সবেতেই তিনি সেরা। এখন থেকে দীর্ঘ সময়ের জন্য তিনি ‘ক্যারাটে ইন্ডিয়া অর্গানাইজেশনের’ রেফারি কমিশনের চেয়ারপার্সন হিসেবে নিযুক্ত হলেন। শেষ ১০ বছরে তিনি পাঁচশোর অধিক টেকনিকাল রেফারি সেমিনার করিয়েছেন যেখানে সারা ভারত থেকে ১০০০০জনেরও বেশি রেফারি ক্যারাটের ক্ষেত্রে তাদের জ্ঞানকে উন্নত করেছেন।

দীঘায় যে ট্রেনিং ক্যাম্পটি সংঘটিত হয়েছে তার মূল লক্ষ্য ছিলো নারীদের উন্নতিসাধন। দেশের বিভিন্ন জায়গা থেকে সকলবয়সী মহিলারা ক্যাম্প যোগ দেন। নতুন নতুন কৌশল শিখতে পেরে সকল অংশগ্রহণকারীর আনন্দ ও উচ্ছাস ছিলো চোখে পড়বার মতো। সমগ্র রাজ্য থেকে সিনিয়র প্রশিক্ষক ও নির্দেশকরা নিজেদের আপডেট করবার জন্য সেমিনারে উপস্থিত ছিলেন।

এটা শুধুমাত্র কোনো ট্রেনিং ক্যাম্প ছিলোনা বরং যে সকল প্রতিভারা এখনো তাদের যথোপযুক্ত স্থান লাভ করতে পারেনি তাদের খুঁজে বের করে আনার একটি মাধ্যম ছিলো এবং এই ক্যাম্পের মাধ্যমে তা সম্ভব হয়েছে। কুমিতের অসংখ্য নতুন কৌশল এই ক্যাম্পে শেখানো হয়েছে যা আসন্ন ‘৮ম আন্তর্জাতিক ক্যারাটে চ্যাম্পিয়নশীপে’ ভালো ফলাফল করতে তাদের সহায়ক হবে, যেটি অনুষ্ঠিত হবে কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে। আগামী ২৬শে জুলাই থেকে ২৮শে জুলাই(২০২৪)পর্যন্ত। সকল সিনিয়র প্রশিক্ষকরা নিজেদের উৎকর্ষসাধনের জন্য এই ক্যাম্পে উপস্থিত ছিলেন। আমি ১০০শতাংশ সন্তুষ্ট ও বিশ্বাসী এটি সমগ্র রাজ্যের সকল প্রতিযোগীর পারফরম্যান্সের উন্নতিতে সহায়তা করবে।

# মেসি প্রথম ‘গোট’, দ্বিতীয়টি কে

**নিজস্ব প্রতিনিধি:** পেশাদার ফুটবল আর খেলেন না। হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে ২০২১ সালে সের্হিও আগুয়েরো ফুটবলকে বিদায় বলেন। মাঠের ফুটবলকে বিদায় বললেও আর্জেন্টিনার ফুটবলকে তো বিদায় বলা তাঁর পক্ষে সম্ভব নয়!

এখনো বড় টুর্নামেন্টে আর্জেন্টিনার খেলা মানেই দলে না থেকেও আছেন আগুয়েরো। এবার কোপা আমেরিকা শুরুর আগেও তেমনটা দেখা যাচ্ছে। টুর্নামেন্টে মাঠে নামার আগে লিওনেল মেসিসহ আর্জেন্টিনাকে অভিনব উপায়ে স্বাগত জানিয়েছেন আর্জেন্টিনার সাবেক এই ফুটবলার।

আগামী পরশু শুরু হচ্ছে কোপা আমেরিকা। প্রথম ম্যাচেই মাঠে নামবে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন আর্জেন্টিনা। কানাডার বিপক্ষে আটলান্টার মার্সিডিজ-বেঞ্জ স্টেডিয়ামে বাংলাদেশ সময় সকাল ৬টায় মাঠে নামবে তারা। এর আগে আমেরিকাতে প্রস্তুতি সেরে নিচ্ছে আর্জেন্টিনা।

তবে কোপা আমেরিকা সামনে রেখে সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামে গতকাল একটি পোস্ট করেছেন আগুয়েরো। সেখানে আর্জেন্টিনার পতাকায় মোড়ানো দুটি ছাগল ও নিজের ছবি পোস্ট করে ক্যাপশনে লিখেছেন, ‘সবার উদ্দেশ্যে, এই তগোটসদ দুটি কারা? মন্তব্য করুন, আমি পড়ব।’

সেখানে হ্যাশট্যাগ দিয়ে তিনি লিখেছেন, ‘তগোটসদরা চলে এসেছে।’ তগোটসদ মানে কী, সেটা



নিশ্চয়ই সবারই জানা;গ্রেটেস্ট অব অল টাইম। বাংলায় যার অর্থ, সর্বকালের সেরা।

আগুয়েরোর চোখে সর্বকালের সেরা কে, সেটাও মীমাংসিত প্রশ্ন। তিনি বারবারই বলেছেন, লিওনেল মেসিই সর্বকালের সেরা। তবে কেন তিনি ছবিতে দুটি ছাগল রেখেছেন, সেটা নিশ্চিত নয়। অর্থাৎ দুটি ছাগলের ছবি পোস্ট করেছেন, রূপক হিসেবে একটিকে যদি মেসি ধরা হয়, তবে অন্যটি কে?

আর্জেন্টিনা জাতীয় দলের গোলকিপার এমিলিয়ানো মার্তিনেজ অবশ্য আগুয়েরোর পোস্টে উত্তর দিয়েছেন। তবে উত্তরের শেষে প্রশ্নবোধক চিহ্নও রেখেছেন মার্তিনেজ, ‘অ্যাঞ্জেলিতো ও লিও?’ অর্থাৎ মেসি ও আনহেল দি মারিয়াকে বুঝিয়েছেন মার্তিনেজ। তাঁদের নিয়েই ২০২২ সালে কাতারে বিশ্বকাপ জেতেন মার্তিনেজ। আর্জেন্টিনা জাতীয় দলে ১৬ বছর ধরে সতীর্থ মেসি ও দি মারিয়া। এ সময়ে দুজনে আর্জেন্টিনা জাতীয় দলের হয়ে ১১০ ম্যাচ খেলেছেন, জিতেছেন ৭০ ম্যাচ, ড্র ২৭টি এবং ১৩ ম্যাচ হেরেছেন।

অনলাইন ক্যাসিনো ‘স্টেক’,এর ব্র্যান্ড অ্যাম্বাসেডর আগুয়েরো এই প্রতিষ্ঠানকে বলেছেন, ‘আমি সর্বকালের সেরার সঙ্গে খেলেছি। আর্জেন্টিনা যদি কোপা আমেরিকা জিততে পারে, তাহলে সর্বকালের অন্যতম সেরা দল হিসেবে নিজেদের নামটা জুড়ে দিতে পারবে। এই টুর্নামেন্টে আর্জেন্টিনা সব সময়ই ফেবারিট। চাপ? আমার মনে হয় না খুব বেশি থাকবে। আমরা এসবে অভ্যস্ত। এখন এটা দলের কৌশল ও প্রত্যয় ধরে রাখতে হবে। আমরা যা জিতেছি, এর কারণেই জিতেছি।’

আর্জেন্টিনার কোপা আমেরিকার প্রস্তুতিও ভালোভাবে সেরেছে। টুর্নামেন্টের আগে খেলা দুটি প্রীতি ম্যাচেই জিতেছে তারা। ইকুয়েডরকে ১-০ গোলে হারানোর পর গুয়াতেমালার বিপক্ষে তারা জিতেছে ৪-১ গোলে। গুয়াতেমালার বিপক্ষে মেসি করেন জোড়া গোল।

# এমন এক গোলের স্বপ্নই দেখেছেন ‘তুর্কি মেসি’ গুলের

**নিজস্ব প্রতিনিধি:** সিগনাল ইদুনা পার্কে তখন ৬৫ মিনিটের খেলা চলছিল। জর্জিয়ার বিপক্ষে তুরস্ক ১-১ গোলে সমতায়। মাঠের ডান প্রান্তে জর্জিয়ার এক খেলোয়াড়কে ট্যাকল করেন তুর্কি সেন্টার-ব্যাক কান আইয়ান। বল চলে যায় পাশেই দাঁড়িয়ে থাকা আর্দা গুলেরের পায়ে। গুলের বল নিয়ে বেশ খানিকটা এগোলেন। কেউ সম্ভবত ভাবেননি ১৯ বছর বয়সী ছেলেটির গোলের উদ্দেশ্যে শট নেওয়ার সাহস হবে। কেউ হয়তো এটাও ভাবেননি, গুলের শট নিলেও সেটি ধনুকের মতোর বেঁকে লক্ষ্যভেদ করে নতুন ইতিহাসের জন্ম দেবে!

একটু পেছন ফিরে তাকানো যাক।


২০২২-২৩ মৌসুমের শুরুতে মেসুত ওজিলের ১০ নম্বর জার্সি গুলেরকে দিয়েছিল তুর্কি ক্লাব ফেনেরবাচে। কারণ? ছেলেটির অমিত প্রতিভা। বলের ওপর দুর্দান্ত নিয়ন্ত্রণ, চোখধাঁধানো ড্রিবলিং, মুহূর্তের মধ্যে নাটমেগ করে বল বের করে নেওয়া এবং নিখুঁত নিশানার মতো শট;এসব মিলিয়ে গুলেরকে বলা হয় ‘তুর্কি মেসি’। ফেনেরবাচের হয়ে অভিষেক তাঁর ওই মৌসুমের আগেই;২০২১ সালে মাত্র ১৬ বছর বয়সে। পরের বছর মার্চে তুরস্কর সুপার লিগে ফেনেরবাচের হয়ে সর্বকনিষ্ঠ গোলদাতার রেকর্ড গড়লেন। তখন নিজের ১৭তম জন্মদিন উদ্‌যাপনের ১৬ দিন বাকি। সে বছরই তাঁর অভিষেক হয় তুরস্কের হয়ে এবং জাতীয় দলের হয়ে প্রথম গোলটি পান ২০২৩ সালে ইউরো বাছাইয়ে ওয়েলসের বিপক্ষে।

ফেনেরবাচের হয়ে গুলেরের উত্থান এমনই দুর্দান্ত ছিল যে কাড়াকাড়ি পড়ে যায় ইউরোপের নামীদামি ক্লাবগুলোর মধ্যে। আর্সেনাল গুলেরের পেছনে ঘুরেছে, বাদ যায়নি পিএসজি, বার্সেলোনা ও রিয়াল মাদ্রিদের মতো ক্লাবও। শেষ পর্যন্ত রিয়ালের ভাগ্যে শিকে ছিঁড়েছে;গত বছর জুলাইয়ে ‘তুর্কি মেসি’র সঙ্গে ৬ বছরের চুক্তি করে মাদ্রিদের ক্লাবটি। ক্রমাগত চোটে গত মৌসুমে তাঁকে সেভাবে খেলাতে পারেনি রিয়াল। ৬ গোল করেছিলেন ১২ ম্যাচে (সব প্রতিযোগিতা মিলিয়ে)। তবে ইতিহাস গড়েন এর মধ্যেই। রিয়ালের ইতিহাসে দ্রুততম (৩৩০ মিনিট) খেলোয়াড় হিসেবে লা লিগায় ৬টি গোল করেন। তখনই বোঝা গিয়েছিল, এই ছেলে ইউরোপিয়ান ফুটবলে রাজত্ব করতেই এসেছে।

সে ধারণা আরেকটু পোক্ত হলো গতকাল রাতে ইউরোপিয়ান ফুটবলের সেরা মঞ্চে;ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ (ইউরো)! এবার ফেরা যাক তুরস্ক-জর্জিয়া ম্যাচের সেই মুহূর্তে। বল পায়ে গুলের এক পা দুই পা এগিয়ে ঠিক লিওনেল মেসির মতোই বাঁ পায়ের শট নিলেন ২০ গজ দূর থেকে। আর্জেন্টাইন কিংবদন্তি যেভাবে ডান প্রান্ত দিয়ে কাটইন করে ঢুকে বাঁকানো শট নেন, সেভাবে। এমন শটের ক্ষেত্রে চাইলে আপনি ডাচ কিংবদন্তি আরিয়েন রোবেনকেও স্মরণ করতে পারেন।

তবে গুলেরকে কাটইন করে ঢুকতে হয়নি। বলটা পেয়ে স্রেফ নিজের মুভমেন্টের ওপর জর্জিয়ার দুই ডিফেন্ডারের মাঝ দিয়ে শট নেন। বাকিটা তো জানাই। জর্জিয়া গোলকিপার গিওর্গি মামারদাশভিল্লি পূর্ণমাত্রার ডাইভ দিয়েও বলটা ছুঁতে পর্যন্ত পারেননি। গোল! আর গুলেরের এই গোলেই ইউরোয় জন্ম নিল নতুন ইতিহাস, যেখানে পেছনে পড়লেন পর্তুগিজ কিংবদন্তি ক্রিস্টিয়ানো রোনালদো!

ফুটবলের তথ্য-পরিসংখ্যানভিত্তিক ‘এক্স’ হ্যান্ডল অপটা হোসে জানিয়েছে, ইউরোর মূল পর্বে অভিষেকে সর্বকনিষ্ঠ খেলোয়াড় হিসেবে গোলের রেকর্ড এখন




গুলেরের। ১৯ বছর ১১৪ দিন বয়সে গোল করলেন তুর্কি অ্যাটাকিং মিডফিল্ডার। এই পথে তিনি ভেঙেছেন ২০০৪ ইউরোয় গড়া রোনালদোর রেকর্ড। সেবার ১৯ বছর ১২৮ দিন বয়সে গোলের রেকর্ড গড়েছিলেন রোনালদো। বয়সে মাত্র ১৪ দিনের ব্যবধানে পর্তুগিজ কিংবদন্তিকে পেছনে ফেলে রেকর্ডটি নিজের করে নিলেন গুলের। তবে সব মিলিয়ে ইউরোয় পঞ্চম সর্বকনিষ্ঠ গোলদাতা গুলের। ম্যাচটি তুরস্ক জিতেছে ৩-১ গোলে।

অপটা অ্যানালিস্ট জানিয়েছে, ইউরোর তৃতীয় ‘টিনএজ’ (কিশোর) হিসেবে গোলটি করলেন গুলের। তাঁর এবং রোনালদোর আগে ১৯৬৪ ইউরোয় স্পেনের বিপক্ষে ১৯ বছর ১৮৩ দিন বয়সে গোল করেছিলেন হাঙ্গেরিয়ান কিংবদন্তি ফেরেঙ্ক বেনে।

গুলেরের গোলের পর ওয়েলশ ডিফেন্ডার অ্যাশলে উইলিয়ামস বিবিসি ওয়ানকে বলেছেন, ‘অবিশ্বাস্য গোল। আমরা আলোচনা করছিলাম এমন বড় টুর্নামেন্ট নিজের জাত চেনানোর সুযোগ এবং সে কী দারুণভাবেই না সেটি করল!’

ম্যাচসেরা গুলের জয়ের পর সংবাদমাধ্যমকে বলেছেন, ‘খুব রোমাঞ্চ লাগছে। ভাষায় প্রকাশ করতে পারছি না। এই গোলটির স্বপ্নই দেখেছি। যে অবিশ্বাস্য ভালোবাসা আমি পেয়ে আসছি, কিছু ফিরিয়ে দিতেই বেশি করে পরিশ্রম করেছি। অনুশীলন সেশন শেষে আলাদা করে এই শটের অনুশীলন করেছি। এভাবে গোল করতে পারায় তাই ভালো লাগছে। (রিয়াল কোচ কার্লো আনচেলত্তি) আমাকে এর আগে খুদে বার্তা পাঠিয়ে সৌভাগ্য কামনা করেছেন।’

ইউরোপিয়ান ফুটবলের বেশ কিছু তারকাই এবার সম্ভবত ক্যারিয়ারের শেষ ইউরো খেলছেন; পোল্যান্ডের রবার্ট লেভানডফস্কি, ক্রোয়েশিয়ার লুকা মদরিচ, পর্তুগালের রোনালদো ও পেপে। ওদিকে গুলের ও লামিনে ইয়ামালের মতো উঠতি তারকাদের জন্য এটাই প্রথম ইউরো। স্পেনের ইয়ামাল তো সর্বকনিষ্ঠ হিসেবে ইউরোয় মাঠে নামা এবং গোল করানোরও রেকর্ড গড়েছেন। এই নতুন প্রজন্মের আগমনী বার্তায় বোঝা যাচ্ছে, রোনালদো-লেভাদের প্রস্থানের পর ইউরোপিয়ান ফুটবল সঠিক পথেই থাকবে।

ইংরেজ ধারাভাষ্যকার গাই মোউব্রে সাধেই কী আর বলেছেন, ‘তুর্কি মেসি নিজের প্রত্যাশার প্রতিদান দিল;তরুণদের জন্য দুর্দান্ত একটা টুর্নামেন্ট হচ্ছে!’

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404**, Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

**নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক** ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404**, ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com **সম্পাদক- সন্তোষ কুমার সিং**